# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

বাংলাদেশ বেতার

Magh 16, 1430 Bangla, January 30, 2024, Tuesday, No. 30, 54th year


# H I G H L I G H T S

PM Sheikh Hasina directs Cabinet to reduce the import duties on edible oil, sugar, dates and rice in a bid to keep the commodity prices at an affordable level during the month of Ramadan. (Jago FM : 14)

AL GS says, BNP is once again resorting to terrorism & violence in name of black flag. Adds, BNP has to pay for mistake for not coming to poll. None has the power to overthrow a constitutionally elected govt. (Jago FM : 16)

State Minister for Information and Broadcast Mohammad Ali Arafat says, disinformation needs to be suppressed. Add, preventing disinformation is equally important like ensuring full freedom of press. (Jago FM : 15)

BNP Standing Committee member Dr. Abdul Moin Khan says, AL suffered a deplorable moral defeat on January 7. Adds, BNP is agitating not to come to power, but to restore democracy. (R. Tehran : 09)

BGB members have been instructed to be extremely alert to face any situation arising at Bangladesh-Myanmar border. BGB DG urges members to perform their duties with utmost professionalism. (VOA: 07)

ACC approves the charge sheet against Nobel laureate Prof Muhammad Yunus and 13 others in a case filed over misappropriating about Tk 25 crore of Grameen Telecom Workers' Profit Participation Fund. (Jago FM : 15)

HC terms the recommendations made in the probe report of DGHS into the death of toddler Ayan Ahmed during circumcision at United Medical College Hospital as “ridiculous” and “eyewash”. (R. Today: 13)

From last July to December, the repayment of foreign loans has increased by about 49 percent. In those six months, Bangladesh had to pay 156 million dollars as interest and principal of foreign debt. (DW : 11)

Despite govt.’s various steps to increase FDI, new foreign investment is decreasing day by day. Economists think dollar crisis, money laundering & corruption, political uncertainty, economic instability, poor access to services & energy crisis as the main reasons for this decline. (BBC : 03)

Department of Narcotics Control says, 10 consignments of cocaine have been caught in Bangladesh since 2009. Bangladesh has been used as a route in each case. (BBC: 05)

More than 50 people including two UN peacekeepers have been killed in heavy fighting along the border between South Sudan and Sudan. (BBC: 18)

**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**মাঘ ১৬, বাংলা ১৪৩০, জানুয়ারি ৩০, ২০২৪, মঙ্গলবার, নং- ৩০, ৫৪তম বছর**

# শিরোনাম

রমজানে দাম সহনীয় রাখতে ভোজ্য তেল, খেজুর, চিনি ও চালের আমদানি শুল্ক কমানোর নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। (জাগো এফএম : ১৪)

বিএনপি কালো পতাকার নামে আবারো সন্ত্রাস ও সহিংসতার জানান দিচ্ছে বলে জানিয়েছেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক। তিনি বলেন, 'নির্বাচনে না এসে বিএনপি যে ভুল করেছে তার জন্য বিএনপিকেই পস্তাতে হবে। সাংবিধানিকভাবে নির্বাচিত সরকারকে উৎখাত করার শক্তি কারো নেই।' (জাগো এফএম : ১৬)

তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত বলেন, গণমাধ্যমের পূর্ণাঙ্গ স্বাধীনতা দরকার এ ব্যাপারে কারো কোনো দ্বিমত নেই। একইসঙ্গে অপতথ্যকেও দমন করা দরকার। (জাগো এফএম : ১৫)

বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড.আব্দুল মঈন খান বলেছেন, ৭ জানুয়ারি আওয়ামী লীগের শোচনীয় নৈতিক পরাজয় ঘটেছে। তিনি বলেন, ক্ষমতায় যাবার জন্য নয়, গণতন্ত্র পুনরুদ্ধারের জন্য আন্দোলন করছে বিএনপি। (রে. তেহরান : ০৯)

বাংলাদেশ-মিয়ানমার সীমান্তে যে কোনো পরিস্থিতি মোকাবেলায় সর্বোচ্চ সতর্ক থাকার জন্য বিজিবি সদস্যদের নির্দেশ দেয়া হয়েছে । সদস্যদের সর্বোচ্চ পেশাদারিত্বের সঙ্গে দায়িত্ব পালনের আহ্বান জানান বিজিবি মহাপরিচালক। (ভোয়া: ০৭)

গ্রামীণ টেলিকমের শ্রমিক কর্মচারীদের সংরক্ষিত ফান্ডের লভ্যাংশের ২৫ কোটি টাকা আত্মসাৎ ও পাচারের অভিযোগে ড. মুহাম্মদ ইউনূসসহ ১৪ জনের বিরুদ্ধে চার্জশিট অনুমোদন দিয়েছে দুর্নীতি দমন কমিশন, দুদক। (জাগো এফএম : ১৫)

ইউনাইটেড হাসপাতালে খৎনা করার পর শিশু আয়ানের মৃত্যু নিয়ে স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিবেদন আই ওয়াশ ছাড়া কিছু না বলে মন্তব্য করেছেন হাইকোর্ট। (রে. টুডে: ১৩)

গত জুলাই থেকে ডিসেম্বর পর্যন্ত বৈদেশিক ঋণ পরিশোধ বেড়েছে প্রায় ৪৯ ভাগ। ঐ ছয় মাসে বিদেশি ঋণের সুদ ও আসল হিসেবে বাংলাদেশকে পরিশোধ করতে হয়েছে ১৫৬ কোটি ডলার। (ডয়চে ভেলে: ১১)

এফডিআই বাড়াতে সরকারের নানা পদক্ষেপের পরও দিনে দিনে কমছে নতুন বিদেশি বিনিয়োগ। অর্থনীতিবিদরা এই বৈদেশিক বিনিয়োগ কমার কারণ হিসেবে ডলার সংকট, অর্থ পাচার ও দুর্নীতি, রাজনৈতিক অনিশ্চয়তা, অর্থনীতির অস্থিতিশীলতা, সেবা প্রাপ্তিতে ভোগান্তি ও জ্বালানি সংকটের মতো বিষয়গুলোকে মূল কারণ হিসেবে মনে করছেন। (বিবিসি : ০৩)

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় প্রধান অতিরিক্ত পরিচালক জানান, ২০০৯ সাল থেকে এখন পর্যন্ত বাংলাদেশে কোকেনের ১০ টি চালান ধরা পড়েছে। প্রত্যেকটিতেই বাংলাদেশকে রুট হিসেবে ব্যবহার করা হয়েছে। (বিবিসি : ০৫)

দক্ষিণ সুদান ও সুদানের সীমান্তে প্রবল যুদ্ধে জাতিসংঘের দুই শান্তিরক্ষীসহ ৫০ জনেরও বেশি লোক নিহত। (বিবিসি : ১৮)

## বিবিসি

## যে পাঁচটি কারণে বাংলাদেশে বিনিয়োগে আগ্রহ হারাচ্ছেন বিদেশিরা

বাংলাদেশের বর্তমান অর্থনীতির আকার এক হাজার বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি, যার গুরুত্বপূর্ণ একটা অংশ আসে প্রত্যক্ষ বৈদেশিক বিনিয়োগ বা এফডিআই থেকে। কিন্তু এফডিআই বাড়াতে সরকারের নানা পদক্ষেপের পরও দিনে দিনে কমছে নতুন বিদেশি বিনিয়োগ। দুই বছর আগেও এই বিদেশি বিনিয়োগ বাড়ায় তা বেশ ভালো প্রভাব রেখেছিল অর্থনীতিতে। কিন্তু হঠাৎ করে তা কেন কমছে, এ নিয়ে নানা ধরণের বিশ্লেষণ পাওয়া যাচ্ছে অর্থনীতিবিদ ও সরকারের সংশ্লিষ্ট দপ্তরগুলো থেকে। গত দশ বছরের বিদেশি বিনিয়োগের তথ্য উপাত্ত বিশ্লেষণ করে, বিবিসি বাংলা এ নিয়ে কথা বলেছে বিশ্ব ব্যাংকের সাবেক কর্মকর্তা, অর্থনীতিবিদ ও সরকারের সাবেক ও বর্তমান মন্ত্রিপরিষদের সদস্যদের সাথে। অর্থনীতিবিদরা এই বৈদেশিক বিনিয়োগ কমার কারণ হিসেবে ডলার সংকট, অর্থ পাচার ও দুর্নীতি, রাজনৈতিক অনিশ্চয়তা, অর্থনীতির অস্থিতিশীলতা, সেবা প্রাপ্তিতে ভোগান্তি ও জ্বালানি সংকটের মতো বিষয়গুলোকে মূল কারণ হিসেবে মনে করছেন। অর্থনৈতিক খাতে বড় ধরণের সংস্কার ছাড়া এ অবস্থার উন্নতিও দেখছেন না অর্থনীতিবিদরা।

তবে আওয়ামী লীগ সরকারের সাবেক ও বর্তমান দুইজন মন্ত্রী বিবিসিকে বলেছেন, নির্বাচন কেন্দ্রিক রাজনৈতিক অস্থিতিশীলতার কারণেই কিছুটা কমেছে বৈদেশিক বিনিয়োগ। বিনিয়োগকারী বিদেশি প্রতিষ্ঠানগুলোর বাংলাদেশে নিয়ে আসা অর্থ সংক্রান্ত জরিপ প্রকাশ করে বাংলাদেশ ব্যাংক। সর্বশেষ এই জরিপের রিপোর্ট প্রকাশ হয় গত ডিসেম্বরের শুরুতে। রিপোর্টে দেখা যায়, ২০২২-২৩ অর্থ বছরে নিট এফডিআই প্রবাহ ছিলো ৩২৪ কোটি ৯৬ লাখ ৮০ হাজার ডলার। অথচ আগের বছর অর্থাৎ ২০২১-২২ অর্থ বছরে এই পরিমাণ ছিলো ৩৪৩ কোটি ৯৬ লাখ ৩০ হাজার ডলার। হিসাব বলছে, বছর ব্যবধানে নিট এফডিআই প্রবাহ কমেছে ৫.৫২ শতাংশ। নিট প্রবাহের এই চিত্রের বিপরীতে বিদেশি নতুন বিনিয়োগকারীরা এই অর্থ বছরে নতুন মূলধন এনেছে অনেক কম। ২০২১-২২ অর্থ বছরে নতুন মূলধন বিনিয়োগের পরিমাণ ১৩৪ কোটি ৬৯ লাখ টাকা হলেও গত অর্থ বছরে তা কমে দাড়ায় ৭৯ কোটি ৫৯ লাখ ডলারে। এ হিসেবে নতুন বিদেশি মূলধনি বিনিয়োগ কমেছে ৪০ দশমিক ৯১ শতাংশ। বিশ্ব অর্থনীতি ও বাণিজ্যের গবেষণা প্রতিষ্ঠান আঙ্কটাডের রিপোর্টে দেখা যাচ্ছে, ২০১৪ সালে এফডিআইয়ের প্রবাহ ছিলো ২৫৬ কোটি ডলার, ২০১৫ সালে ২২৩ কোটি, ২০১৬ সালে ২৩৩ কোটি, ২০১৭ সালে ২১৫ কোটি, ২০১৮ সালে ৩৬১ কোটি, ২০১৯ সালে ২৮৭ কোটি, ২০২০ সালে ২৫৬ কোটি, ২০২১ সালে ২৮৯ কোটি। আবার ২০২২ সালে রেকর্ড ৩৪৮ কোটি ডলার আসলেও ২০২৩-এ এসে তা কমে দাঁড়িয়েছে ৩২৪ কোটি ৯৬ লাখ ডলারে।

বাংলাদেশ ব্যাংকের মুখপাত্র ও নির্বাহী পরিচালক মোঃ. মেজবাউল হক বিবিসি বাংলাকে বলেন, ”গ্লোবাল ইন্টারেস্ট রেট অনেক বেড়ে গেছে বিভিন্ন দেশে। ফলে ক্যাপিটালের যে ফ্লো থাকে তা স্বাভাবিকভাবে যে সমস্ত দেশে ইন্টারেস্ট রেট বেশি, সে সমস্ত দেশে ফ্লো করে। আমার এখানে কেউ বিনিয়োগ করতে হলে তাকে দুইটা ফ্যাক্টর কনসিডার করতে হয়। তার একটা হলো একচেঞ্জ রেট রিস্ক, আরেকটা হলো ইনভেস্টমেন্ট রিস্ক। যে কারণে ক্যাপিটালগুলো উন্নত দেশের যেখানে এক্সচেঞ্জ রেটের কোনও রিস্ক নেই সেখানে এই মুদ্রাগুলো চলে যায়”, বলছিলেন মি. হক।

বিদেশি বিনিয়োগ কেন কমছে, তা জানতে বিশেষজ্ঞদের সঙ্গে কথা বলে বিবিসি যে প্রধান পাঁচটি কারণ খুঁজে পেয়েছে তা একে একে তুলে ধরা হল। গত দুই বছরের টাকার বিপরীতে মার্কিন ডলারের মূল্য বেড়েছে প্রায় ২৫ থেকে ৩০ শতাংশ। ২০২২ সালের জানুয়ারিতে ডলারের দাম ছিল ৮৬ টাকা। বর্তমানে সরকারি হিসাবে মূল্য ১১০-১১১ টাকা, কোথাও কোথাও তা নেওয়া হচ্ছে আরও অনেক বেশি। সাম্প্রতিক সময়ে ডলার সংকটের কারণে এদেশে বিনিয়োগকারী অনেক বিদেশি কোম্পানি নিজ দেশে মুনাফা নিতে পারেনি।

অর্থনীতিবিদরা বলছেন, বৈদেশিক বিনিয়োগ কমার অন্যতম কারণ আন্তর্জাতিক মুদ্রা ডলারের সংকট ও মূল্য ওঠানামা করা। বিনিয়োগকারীরা সবার আগে রিটার্ন নিয়ে চিন্তা করেন। যখন তারা পদ্ধতিগত সমস্যা দেখতে পান তখন তারা বিনিয়োগে আগ্রহী হন না। বিশ্ব ব্যাংক ঢাকা অফিসের সাবেক লিড ইকোনমিস্ট ড. জাহিদ হোসেন বিবিসি বাংলাকে বলেন, ”ডলারের সংকটের কারণে বিভিন্ন এয়ারলাইন্সের টাকাও আটকে গিয়েছিল। ব্যাংকগুলো বলেছে তাদের কাছে ডলার নাই। এই বিষয়গুলো বিভিন্ন দেশ দেখে নতুন করে হয়ত আর বিনিয়োগে আগ্রহী হয়নি।”

দেশে ডলারের এই সংকট কাটাতে ২০২২-২৩ অর্থ বছরে রিজার্ভ থেকে ১৩ দশমিক ৫৮ বিলিয়ন বিক্রি হয়েছে। গবেষণা প্রতিষ্ঠান সিপিডি-র সম্মানীয় ফেলো ড. মোস্তাফিজুর রহমানের মতে, ”বৈদেশিক বিনিয়োগ বেশি এলে ফাইনান্সিয়াল একাউন্টটাও আমাদের বেটার হয়। যেটা আমাদের ১৫-১৬ বিলিয়ন ডলার পজেটিভ ছিলো সেটা আমাদের নেগেটিভ হয়ে গেছে।”

বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম বিবিসি বাংলাকে বলেন, `হয়তো আমরা কমফোর্ট জোনে নাই। তবে, আমাদের ডলার সংকট নাই।” অর্থনীতিবিদ ড. জাহিদ হোসেন বিবিসি বাংলাকে বলেন ”নতুন মুদ্রানীতির মাধ্যমে সুদের হার বাড়িয়ে ডলার সংকট কাটানোর চেষ্টা করা হয়েছে। শুধু এটা দিয়ে ডলার সংকট কাটানো যাবে না। বাজার ভিত্তিক মুদ্রা হারের ব্যবস্থাপনা না করতে পারলে ডলারের যোগান বাড়ানো কঠিন হবে।”ওয়াশিনটন-ভিত্তিক সংস্থা জিএফআইয়ের

এক প্রতিবেদনে দেখা যায়, শুধুমাত্র আন্তর্জাতিক বাণিজ্যের মাধ্যমে প্রতি বছর বাংলাদেশ থেকে পাচার হয় ৭৫৩ কোটি ৩৭ লাখ ডলার। টাকার অঙ্কে তা প্রায় ৮০ হাজার কোটি টাকা। অর্থনীতিবিদদের মতে, দেশ থেকে অর্থ পাচার হলে বাণিজ্য গতিশীলতা কমে। ঘাটতি কমাতে কখনও কখনও বাড়তি কর আদায় করতে হয়। অর্থ সংকটের কারণে সামগ্রিক অর্থনীতির আয়-ব্যয়ের এক ধরনের ভারসাম্য নষ্ট হয়।

সিপিডি-র সম্মানীয় ফেলো অধ্যাপক মোস্তাফিজুর রহমান বিবিসি বাংলাকে বলেন, "অনেক বিদেশি বিনিয়োগকারীদের দেখা যাচ্ছে তাদের টাকা পাঠাতে দেরি হচ্ছে। কারণ পাচার-সহ নানা কারণে ফরেন কারেন্সির রিজার্ভটা কমে যাচ্ছে। এটা এক ধরণের রং সিগন্যাল দিচ্ছে।" বিশ্ব ব্যাংক ঢাকা অফিসের সাবেক লিড ইকোনমিস্ট ড. জাহিদ হোসেন বলেন, "দুর্নীতি ও সুশাসনের অভাবে আর্থিক খাত নিয়ে একটা দুশ্চিন্তা বরাবরই ছিলো। এটা আরও বেড়েছে।„

গত বছরের শেষে বিদেশি বিনিয়োগ কমার মূল কারণ হিসেবে রাজনৈতিক অস্থিতিশীলতাকে চিহ্নিত করছেন অর্থনীতিবিদরা। তারা বলছেন, গত বছরের শেষ দিকে বিএনপি জোটের টানা আন্দোলন কর্মসূচি, সংঘাত সংঘর্ষের প্রভাব বিদেশি বিনিয়োগে পড়েছে। অর্থনীতিবিদ ড. জাহিদ হোসেন বিবিসি বাংলাকে বলেন, "গত বছর রাজনৈতিক অনিশ্চয়তা একটা বড় বিষয় ছিলো। বিদেশি বিনিয়োগকারীদের অনেকে একটা দোটানায় ছিল ইলেকশন হবে কি হবে না। এ কারণে নতুন করে অনেকেই বিনিয়োগে আগ্রহী হননি।„

সাবেক পরিকল্পনা মন্ত্রী এম এ মান্নান বিবিসি বাংলাকে বলেন, "নির্বাচন নিয়ে এক ধরণের অনিশ্চয়তায় অভ্যন্তরীণ রাজনীতিতে কিছুটা টানাপোড়েন ছিলো। একটি রাজনৈতিক দল অর্থনৈতিক পরিবেশ নষ্ট করার জন্য ভীষণভাবে চেষ্টা করেছে। এ কারণে বিদেশি বিনিয়োগকারীদের মাঝে এক ধরনের নেতিবাচক বার্তা গেছে।„ বর্তমান বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম বিবিসি বাংলাকে বলেন, "নির্বাচনের আগে বৈদেশিক বিনিয়োগ কমার বিষয়টা খুবই নরমাল। নির্বাচনের আগে বিদেশি বিনিয়োগ একটু স্লো ডাউন হয়। নির্বাচনের পর এখন বিদেশি রাষ্ট্রগুলো আমাদের ওপর আবার আস্থা রাখছে।„২০১৮ সালের জাতীয় নির্বাচনের পর অনেকটাই ঘুরে দাঁড়িয়েছিলো দেশের অর্থনীতি। কিন্তু গত দু বছরে বাংলাদেশের অর্থনীতিতে নানা সংকট দেখা যাচ্ছে। অর্থনীতিক বিশ্লেষকরা বলছেন, চলমান উচ্চ মূল্যস্ফীতি, ব্যাংকের সুদের হার বৃদ্ধি-সহ নানা কারণে বিনিয়োগকারীদের মাঝে নেতিকবাচক প্রভাব পড়ছে।

বিশ্ব ব্যাংক ঢাকা অফিসের সাবেক লিড ইকোনমিস্ট ড. জাহিদ হোসেন বিবিসি বাংলাকে বলেন, "আর্থিক খাত নিয়ে একটা দুশ্চিন্তা বরাবরই ছিলো, সম্প্রতি এটা আরও বেড়েছে। বিদেশি বিনিয়োগকারীর শুনেছে যে বাংলাদেশে পাওয়ার ডেভেলপমেন্ট বোর্ড তার বিল পরিশোধ করতে পারছে না। ডলারে যে বিলগুলো দেওয়ার কথা সেটা পড়ে আছে। ব্যাংকাররা অনেক সময় এলসি খুলে সময় মতো এলসি সেটল করতে পারেন নাই। আন্তর্জাতিক বাজারে সে খবরও পৌঁছেছে। এসব কারণে ধারণা তৈরি হয়েছে যে, তারা বাংলাদেশে বিনিয়োগ করে লাভ হলেও সে টাকা তুলে আনতে পারবে না। এমন পরিস্থিতির কারণে তারা স্থিতিশীলতার অপেক্ষা করছে„, বিবিসি বাংলাকে বলেন মি. হোসেন। সিপিডি-র সম্মানীয় ফেলো অধ্যাপক ড. মোস্তাফিজুর রহমান বলছেন, "সামষ্টিক অর্থনীতিই যতক্ষণ পর্যন্ত না স্থিতিশীল হচ্ছে, মূল্যস্ফীতি কমে না আসছে, ততক্ষণ পর্যন্ত বৈদেশিক বিনিয়োগকারীরা একটু অপেক্ষা করবে বলেই মনে হচ্ছে।„বাংলাদেশে যেসব খাতে বৈদেশিক বিনিয়োগ আসছে তার মধ্যে অন্যতম হলো টেক্সটাইল, চামড়াজাত সামগ্রী , পাট, কৃষিভিত্তিক শিল্প ইত্যাদি।

বিদেশিদের বিনিয়োগে আগ্রহী করতে বেশ কিছু বিশেষ অর্থনৈতিক অঞ্চল তৈরি করা হচ্ছে। কিন্তু এ সব জায়গায় বিদেশি বিনিয়োগকারীদের আগ্রহ তৈরি করা যাচ্ছে না বলে মনে করেন অর্থনীতিবিদরা। অধ্যাপক মোস্তাফিজুর রহমান বিবিসি বাংলাকে বলেন, "বিনিয়োগকারীদের জন্য বিশেষ অর্থনৈতিক অঞ্চল তৈরির পর নিষ্কণ্টক জমি নিয়ে যে বাধা ছিলো সেটা কাটানো গেছে। কিন্তু ওয়ান স্টপ সার্ভিস, মানসম্পন্ন বিদ্যুৎ ও গ্যাস সরবারহ সেবা নিশ্চিত করা যাচ্ছে না। এ কারণে প্রত্যাশিত বিনিয়োগ পাওয়া যাচ্ছে না।„

এসব খাতে বিদেশি বিনিয়োগ কমে যাওয়ার পেছনে আমলাতান্ত্রিক জটিলতাও কাজ করছে মনে করেন অর্থনীতিবিদরা। তারা বলছেন, অর্থনীতির দিক থেকে ভারত, ভিয়েতনাম, চীন কিংবা বাংলাদেশের সমতুল্য দেশগুলোতে যে পরিমাণ এফডিআই আসে সে তুলনায় বাংলাদেশে এফডিআই খুবই নগণ্য। ড. জাহিদ হোসেন বলেন, "সরকার যদিও অনেক কাজ করার কথা বলেছে। জমির ঝামেলা মেটানো, গ্যাস বিদ্যুৎ পানি এইসব আমরা দিয়ে দিব এক জায়গায় - এ ধরনের অনেক কথাবার্তা হয়েছে। তবে বাস্তবে অনেক সুযোগই নিশ্চিত করা যায়নি। যে সব বিশেষ অর্থনৈতিক অঞ্চলে বিদেশি বিনিয়োগকারীদের আগ্রহ বেশি, সে সব অঞ্চলে যদি বিনিয়োগের পুরোপুরি পরিবেশ নিশ্চিত করা যেত তাহলে হয়তো বিদেশি বিনিয়োগে কিছুটা পরিবর্তন আনা সম্ভব হত। কিন্তু সেটি হয়নি„, বিবিসি বাংলাকে বলছিলেন মি. হোসেন।

তবে, বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম বিবিসি বাংলাকে বলেন, "আইসিটি, বস্ত্র-সহ বেশ কিছু খাতে বিদেশি বিনিয়োগকারীদের সুযোগ আছে। আমাদের দেশের এফডিআইয়ের সুযোগ সুবিধার দিক থেকে শতভাগ রয়েছে। আমাদের দেশে এসব ক্ষেত্রে বিনিয়োগ বান্ধব পরিবেশ রয়েছে।" বিশ্বের বিভিন্ন দেশের অর্থনৈতিক উন্নয়নের দিকে

তাকালে দেখা যায় যে সেসব দেশে বিদেশি বিনিয়োগ বেশ বড় ধরনের প্রভাব রাখছে। থাইল্যান্ড, মালয়েশিয়া, ভিয়েতনাম এর উল্লেখযোগ্য উদাহরণ। বাংলাদেশে অর্থনীতির চাকা সচল রাখতে ক্ষমতাসীন সরকারের পক্ষ থেকে সব সময়ে বিদেশি বিনিয়োগকারীদের উৎসাহিত করা হচ্ছে। কিন্তু সে সব উদ্যোগ খুব একটা কাজে আসছে না। এ জন্য বিশ্লেষকরা অর্থনৈতিক খাতে বড়সড় ধরনের সংস্কারের প্রস্তাব দিয়ে বলছেন, সংকট কাটাতে এর কোনও বিকল্প নেই। ড. জাহিদ হোসেন বিবিসি বাংলাকে বলেন, ”বিদেশি বিনিয়োগের মূল আকর্ষণ হলো তারা যখন এখানে আসেন শুধু টাকা আনেন না, প্রযুক্তি ও ব্যবস্থাপনা নিয়েও আসেন। এর ফলে দেশের শ্রমিকরা ভালো আয়ের কর্মসংস্থানের সুযোগ খুঁজে পায়। আর বিনিয়োগ না আসা মানে, ওই উপকারগুলো থেকে বঞ্চিত হবে তারা।„ সাবেক পরিকল্পনা মন্ত্রী এম এ মান্নান বিবিসি বাংলাকে বলেন, ”সম্পূর্ণ বড় বিনিয়োগকারী যারা আছে তারা তাদের বাছবিচার করে নানা দৃষ্টিভঙ্গি থেকে। তবে এটা নিয়ে আমরা ভীত সন্ত্রস্ত নই। যেহেতু নির্বাচন হয়ে গেছে সে কারণে এ নিয়ে বিশ্লেষকরা নানা ধরণের বিশ্লেষণ করবেন। বাস্তবতা হল, নির্বাচনের পর সরকার গঠন হয়েছে। এখন বিনিয়োগকারীরা যে সকল বিষয় নিয়ে চিন্তিত ছিল তা অনেকটা দূর হয়ে যাবে„, বিবিসিকে বলেন মি. মান্নান। (বিবিসি ওয়েব পেজ : ২৯.১.২৪ রিহাব)

## কোকেন কী ধরনের শারীরিক ক্ষতি করে? বাংলাদেশে কীভাবে আসছে এই মাদক?

বাংলাদেশে ঢাকার শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে গত ২৫ জানুয়ারি আফ্রিকার দেশ মালাউয়ির এক নাগরিকের কাছ থেকে আট কেজি তিনশ গ্রাম কোকেন উদ্ধার করা হয়। পরে ওই ব্যক্তির তথ্যের ভিত্তিতে আফ্রিকান আরো তিনজন নাগরিকসহ ওই চক্রের পাঁচজনকে গ্রেফতার করা হয়। রোববার মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক মুস্তাকিম বিল্লাহ ফারুকী জানিয়েছেন, বাংলাদেশে এটাই এখন পর্যন্ত কোকেনের সবচেয়ে বড় চালান। যা মালাউয়ি থেকে ইথোপিয়া ও দোহা হয়ে ভারতে পাচারের উদ্দেশ্যে বাংলাদেশে আসে। বাংলাদেশকে রুট হিসেবে ব্যবহার করা হয়েছে। এই চালানের আর্থিক মূল্য একশো কোটি টাকার বেশি। এখন প্রশ্ন হলো কোকেন সেবনে কী ধরনের শারীরিক ক্ষতি হয়? কোকেন কোন ধরনের মাদক? চিকিৎসকরা বলছেন, কোকেন মূলত উদ্দীপক মাদক। কোকেনের কারণে মানুষের শরীরে দুই ধরনের ক্ষতি হয়। স্বল্পমেয়াদে ও দীর্ঘমেয়াদে মারাত্মক স্বাস্থ্যগত ও মানসিক ঝুঁকির মধ্যে পড়ে কোকেন সেবনকারী ব্যক্তি। কোকেন গ্রহণের ৪৮ ঘণ্টা পরেও প্রস্রাবে এর উপস্থিতি থাকে। যা অন্য মাদকে থাকে না।

এছাড়া অন্য মাদকসেবীদের চেয়ে কোকেনসেবীদের ২৪ গুণ বেশি হার্ট অ্যাটাকের আশঙ্কা থাকে। চিকিৎসকরা জানিয়েছেন, কোকেন সেবনকারীরা অতিরিক্ত উত্তেজনায় ভোগে। অতিরিক্ত কথাবার্তা বলে। নাক দিয়ে অনবরত পানি পড়ে। নাক দিয়ে অনেক সময় রক্তপাত হয়। কোকেনের প্রতিক্রিয়ায় ঘুম কমে যায়, ক্ষুধা মন্দাভাব হয়, ওজন কমে যায়। অতিরিক্ত কোকেন সেবনের ফলে হার্টবিট বেড়ে যায়, যা রক্ত সঞ্চালনে বাধা দেয়। ফলে হার্ট অ্যাটাক হয়। অতিরিক্ত কোকেন সেবনে মস্তিষ্কে রক্তক্ষরণ হতে পারে। স্ট্রোকের মতো ঘটনা ঘটে।

বাংলাদেশে মাদক বিরোধী প্রচারণা করে এমন একটি সংগঠন মানস। এর প্রতিষ্ঠাতা ডা. অরূপ রতন চৌধুরী বিবিসি বাংলাকে বলেন, ”অন্য মাদকসেবীদের চেয়ে কোকেন সেবনকারীদের ২৪ গুণ বেশি হার্ট অ্যাটাকের আশঙ্কা থাকে। কোকেন এমন ধরনের মাদক যা সেবন করার ৯০ দিন পরও শরীরে যার উপস্থিতি পাওয়া যায়। ৯০ দিন পরও সেবনকারীর চুল পরীক্ষা করলে কোকেন সেবনের প্রমাণ পাওয়া যায়„। কোকেন সেবনকারীদের প্রথম পর্যায়ে অনেক সেবনকারী আত্মবিশ্বাস বেড়ে যাওয়ার কথা বলে থাকলেও দীর্ঘমেয়াদে এটি তাদের বিষণ্ণতা, অবসন্নতার দিকে ঠেলে দেয়। চরম মাত্রায় সেবনকারীর মুড সুইং হয়, অনেক সময় বিপজ্জনক আচরণ করে। কোকেন আসক্তদের সাধারণ বৈশিষ্ট্য হিসেবে চিকিৎসকরা বলে থাকেন, এরা প্রচণ্ড পরিমাণে নোংরা হয়ে যায়, স্বাস্থ্যগত নানা বিষয় ভুলে যায়। নাকের মধ্যে সাদা পাউডারের মতো কোকেনের পাউডার লেগে থাকে। আরেকটি লক্ষণীয় বিষয় হলো কোকেন সেবনকারীরা একাকী থাকতে পছন্দ করে, ফলে অসামাজিক হয়ে পড়ে। স্বভাবগতভাবে দুর্বিনীত হয়ে যায় এরা।

এটি মিথ্যা কল্পনার জগতে নিয়ে যায় সেবনকারীকে। স্বল্পমাত্রায় কোকেন সেবন মাদকাসক্তদের তাৎক্ষণিক আনন্দ দিলেও এক সময় এডিকশানের দিকে চলে যায়। ফলে কোকেন নেয়ার মাত্রা বেড়ে যায়। কোকেন দুইভাবে সেবন করে মাদকাসক্তরা। প্রথমত নাক দিয়ে টেনে নেয় কিংবা সিগারেটের সাথে নেয় এবং দ্বিতীয়ত ইনজেকশনের মাধ্যমে পুশ করা হয় শরীরে।

ঢাকা মেডিকেল কলেজের সাবেক অধ্যক্ষ ও মেডিসিন বিভাগের বিভাগীয় প্রধান ছিলেন খান আবুল কালাম আজাদ। তিনি বিবিসি বাংলাকে বলেন, ”কেউ কেউ আবার হেরোইন ও কোকেন মিলিয়ে একটা আলাদা মিশ্রণ তৈরি করে। এটাকে বলে `স্পিট বল,। কোকেন মস্তিষ্ককে উদ্দীপন করে আবার হেরোইন মানুষের নার্ভাস সিস্টেমকে বিষণ্ণতায় ফেলে। এই দুইয়ের মধ্যে তারা একটা বিপরীতধর্মী প্রতিক্রিয়া পাওয়ার চেষ্টা করে„। ”মস্তিষ্কে সবসময় কোকেনের চাহিদা তৈরি হয় ফলে তা না পেলে তাদের বিষণ্ণতা বোধ তৈরি হবে। একসময় ক্ষিপ্ত হয়ে উঠে তাদের আচরণ। যারা কোকেন নেয় তারা ধীরে ধীরে বিয়ার, অ্যালকোহল, ফেনসিডিলসহ অন্য ধরনের মাদকে আসক্ত হয়ে পড়ে।„ অর্থাৎ কোকেন সেবনকারীরা `পলিড্রাগ এবিউজার, এ পরিণত হয় বলে জানান মি. আজাদ। কোকেন মূলত `উদ্দীপক মাদক,

হিসেবে ব্যবহৃত হয়। কোকা পাতা থেকে কোকেন তৈরি হয়। এই পাতাকে পরিশুদ্ধ করে বেইজ তৈরি করা হয়। পরে অ্যামোনিয়া, সোডিয়াম বাই কার্বনেট বা সালফিউরিক এসিড এবং পানি দিয়ে এটি পাউডার হিসেবে তৈরি করা হয়।
দক্ষিণ আমেরিকার বেশ কয়েকটি দেশে এই পাতার চাষ বেশি হয়। সেখান থেকেই সারা বিশ্বে ছড়িয়ে পড়ে এটি। সমুদ্রপৃষ্ঠ থেকে দুইশ-আড়াইশ ফুট উপরে কোকা পাতা উৎপাদন হয়। জাতিসংঘের অপরাধ ও মাদক বিষয়ক কার্যালয় (ইউএনওডিসি)র ‘গ্লোবাল কোকেন রিপোর্ট ২০২৩, এ বলা হয়েছে, ২০২০ সালে বিশ্বের মোট কোকেনের ৬১ শতাংশ কলম্বিয়াতে উৎপাদন হয়েছে। এসময় পেরুতে ২৬ শতাংশ, বলিভিয়া ও আশেপাশের এলাকায় ১৩ শতাংশ কোকেন উৎপাদিত হয়েছে বলে রিপোর্টে উল্লেখ করা হয়েছে।
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের চিফ কেমিক্যাল এক্সামিনার দুলাল কৃষ্ণ সাহা বিবিসি বাংলাকে জানান, বর্তমান ইরাক এক সময়ের মেসিডোনিয়াতে কোকা পাতার উৎপাদন বেশি হতো। সে সময় মেসিডোনিয়ার রাখালরা তাদের ভেড়াগুলোকে মাঠে ছেড়ে দিতো। ওই পাতা ভেড়ার খাদ্য হিসেবে ব্যবহৃত হতো। কোকা পাতাকে বিভিন্ন প্রক্রিয়ার পর এক কেজি কোকেন তৈরি করতে বাংলাদেশি মুদ্রায় প্রায় ৩৫ কোটি টাকার বেশি ব্যয় হয়। তাই এটি বিশ্বজুড়েই বেশ দামি মাদক। কোকেন ব্যবসায়ীদের ‘ব্যারোন, বলা হয়। বাংলাদেশের ‘মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮, তে, কোকেনকে গুরুতর অপরাধ বিবেচনা করে ‘ক, শ্রেণীভুক্ত করা হয়েছে। এই আইনে, ২৫ গ্রামের বেশি কোকেনসহ কোনো ব্যক্তি ধরা পড়লে মৃত্যুদণ্ড বা যাবজ্জীবন কারাদণ্ডের বিধান রয়েছে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় প্রধান অতিরিক্ত পরিচালক মুজিবুর রহমান পাটোয়ারি বিবিসি বাংলাকে জানান, ”আগামী মাসে কোকেন পাচারের ২০১৩ সালের এক মামলার রায় দেয়ার কথা রয়েছে„।
বাংলাদেশে ধরা পড়া এবারের চালানটিই কঠিন অবস্থায় আসা কোকেনের সবচেয়ে বড় চালান। ”আফ্রিকার নাগরিকদের মাধ্যমে এটি দেশে আসলেও মূলত রুট হিসেবে এ দেশকে ব্যবহার করা হয়েছে„, জানান মি. সাহা। ”মাঝখানে এটা একেবারেই থেমে যায়। সরকার মাদকের বিষয়ে খুব কঠোর। খুব শিগগিরই ফরেনসিক অ্যানালাইসিস করে রিপোর্ট দেয়া হবে„। বাংলাদেশে এর আগে যত কোকেনের চালান ধরা পড়েছিলো বেশিরভাগই এসেছিলো দক্ষিণ আমেরিকা থেকে। ২০১৫ সালে বাংলাদেশের চট্টগ্রাম বন্দরে সূর্যমুখী তেলের ঘোষণা দিয়ে আমদানি করা একটি ড্রামে কোকেনের চালান পাওয়া যায়। দক্ষিণ আমেরিকার দেশ বলিভিয়া থেকে আনা একটি কন্টেইনারে ১০৭টি ড্রামের মধ্যে একটি ড্রামে তরল অবস্থায় কোকেনের অস্তিত্ব পাওয়া যাওয়ার কথা জানিয়েছিলো শুল্ক বিভাগের গোয়েন্দারা। সে সময় গোয়েন্দারা জানিয়েছিলেন, ড্রামটিতে ১৮৫ কেজি তরল ছিল এবং তাতে এর এক-তৃতীয়াংশ অর্থাৎ প্রায় ৬০ কেজি কোকেন ছিল। কোকেন পাচারের মধ্যবর্তী রুট হিসেবে বাংলাদেশকে ব্যবহার করা হচ্ছে বলেও জানিয়েছিলেন গোয়েন্দারা।
বাংলাদেশে হেরোইনসহ নানা ধরনের মাদক পাওয়া গেলেও কোকেনের প্রচলন কম বলেই ধারণা করা হয়। এর আগে ২০১৩ সালে তিন কেজি কঠিন কোকেনসহ পেরুর এক নাগরিককে গ্রেফতার করা হয়। পরের বছরও পাঁচ কেজি ২০০ গ্রামের একটি চালান ধরা পড়ে বাংলাদেশে। ২০১৫ সালে বিমানবন্দরে আবারো দুই কেজি তিনশ গ্রামের একটি চালান ধরা পড়ে। ওই মামলায় ঢাকার বিচারিক আদালত পেরুর এক নাগরিককে যাবজ্জীবন কারাদণ্ড দেন। ২০২৩ সালের জুনেও শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে এক নারীকে পৌনে দুই কেজি কোকেনসহ গ্রেফতার করা হয়। বাংলাদেশের মধ্য দিয়ে মাদক চোরাচালানের ঝুঁকি আগে থেকেই রয়েছে। কারণ পৃথিবীর দুটি প্রধান মাদক উৎপাদন ও চোরাচালানের কেন্দ্র গোল্ডেন ট্রায়াঙ্গল ও গোল্ডেন ক্রিসেন্টের ঠিক মাঝখানে বাংলাদেশের অবস্থান। ইউএনওডিসির গ্লোবাল কোকেন রিপোর্ট অনুযায়ী, বৈশ্বিকভাবে নাইজেরিয়ান কয়েকটি চক্র এ ধরনের মাদক পাচারের বিস্তার ঘটিয়েছে।
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় প্রধান অতিরিক্ত পরিচালক মুজিবুর রহমান পাটোয়ারি জানান, ”২০০৯ সাল থেকে এখন পর্যন্ত বাংলাদেশে কোকেনের ১০ টি চালান ধরা পড়েছে। প্রত্যেকটিতেই বাংলাদেশকে রুট হিসেবে ব্যবহার করা হয়েছে„। ”তবে, শনিবার ধরা পড়া চালানটিই সবচেয়ে বড়। এখন পর্যন্ত ২০ জনকে এসব মামলায় আসামি করেছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর„ জানান মি. পাটোয়ারি। (বিবিসি ওয়েব পেজ :২৯.১.২৪ রিহাব)

# ভয়েস অফ আমেরিকা

## বাংলাদেশ দ্বাদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন মঙ্গলবার

বাংলাদেশের দ্বাদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন বসছে মঙ্গলবার (৩০ জানুয়ারি) বিকেল ৩টায়। আর, একই দিনে কালো পতাকা মিছিল করার কর্মসূচি ঘোষণা করেছে বিএনপি। প্রথম অধিবেশনে বক্তব্য রাখবেনে রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন। রাষ্ট্রপতির বক্তব্য ইতোমধ্যেই মন্ত্রিসভায় অনুনোমোদিত হয়েছে।
এর আগে, সংবিধানের ৭১ (১) ধারা অনুযায়ী, অর্পিত ক্ষমতাবলে জাতীয় সংসদের ২০২৪ সালের প্রথম অধিবেশন আহ্বান করেন রাষ্ট্রপতি। সংসদ অধিবেশনের শুরুতে স্পিকার ও ডেপুটি স্পিকার নির্বাচন করা হবে। আওয়ামী লীগ

সংসদীয় দলের মনোনয়ন পাওয়ায় স্পিকার ও ডেপুটি স্পিকার হিসেবে এবারও থাকছেন যথাক্রমে শিরীন শারমিন চৌধুরী এবং শামসুল হক টুকু। এছাড়া, বেশ কিছু সংসদীয় কমিটি গঠিত হবে এই অধিবেশনে।

গত ৭ জানুয়ারি অনুষ্ঠিত নির্বাচনের মধ্য দিয়ে এই জাতীয় সংসদ গঠিত হয়েছে। সংসদের ৩০০ আসনের মধ্যে ফল ঘোষণা করা হয়েছে ২৯৯টির। এর মধ্যে ২৯৯ আসনে জয়লাভ করেছেন আওয়ামী লীগ মনোনীত প্রার্থীরা। আর, জাতীয় পার্টি ১১ আসন পেয়ে সংসদে বিরোধী দলের মর্যাদা পেয়েছে। জাতীয় সমাজতান্ত্রিক দল জাসদ, বাংলাদেশের ওয়ার্কার্স পাটি ও বাংলাদেশ কল্যাণ পার্টি পেয়েছে একটি করে আসন। স্বতন্ত্র প্রার্থীদের মধ্যে ৬২ জন সংসদ সদস্য হয়েছেন। এদের মধ্যে ৫৮ জন আওয়ামী লীগের বিভিন্ন স্তরের নেতা।

(ভোয়া ওয়েব পেজ : ২৯.০১.২০২৪ এলিনা)

## স্বতন্ত্র সংসদ সদস্যরা স্বতন্ত্র হিসেবেই ভূমিকা রাখবেন : ওবায়দুল কাদের

বাংলাদেশের দ্বাদশ জাতীয় সংসদের স্বতন্ত্র সদস্যরা স্বতন্ত্রই থাকবেন বালে জানিয়েছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। তারা সরকারের গঠনমূলক সমালোচনা করতে পারবে বলেও জানান তিনি। রবিবার (২৮ জানুয়ারি) রাতে গণভবনে স্বতন্ত্র সংসদ সদস্যদের সঙ্গে বৈঠক করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বৈঠক শেষে গণমাধ্যমকে ওবায়দুল কাদের জানান, ”আমাদের সংসদ নেতা, দলের সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা এই বিষয়টি পরিষ্কারভাবে বলেছেন।„ ওবায়দুল কাদের বলেন, সাম্প্রতিক নির্বাচন উপলক্ষে আওয়ামী লীগের নৌকা প্রতীক এবং বিভিন্ন প্রতীকের স্বতন্ত্র প্রার্থীদের মধ্যে কিছু সংঘাত, সহিংসতা, অন্তর কলহ হয়েছে। ”এখনো কোথাও কোথাও অপ্রত্যাশিত ঘটনা ঘটছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন এটা মেটাতে হবে;„ যোগ করেন ওবায়দুল কাদের। স্বতন্ত্র এমপিরা জানিয়েছেন, তারা নিজেদেরকে আওয়ামী লীগের বাইরে কোনো ভিন্ন পরিচয় দিতে গেলে, তাদের আবেগ এবং বিবেক আহত হয়; বলেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক। তিনি বলেন ”এমন পরিস্থিতিতে নিজেদের মধ্যে বিবাদ ও অন্তঃকলহ মেটাতে হবে। নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে ঐক্যবদ্ধ হয়ে সকলকে কাজ করতে হবে।„ সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্যের বিষয়ে ওবায়দুল কাদের জানান, সংসদ নেতা প্রধানমন্ত্রী শেখ হাসিনা যাদের মনোনীত করবেন, তাদের প্রতি সমর্থন থাকবে স্বতন্ত্র সংসদ সদস্যদের। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে বিজয়ী ৬২ জন স্বতন্ত্র সংসদ সদস্যের মধ্যে ৫৮ জনই আওয়ামী লীগের বিভিন্ন স্তরের নেতা।

(ভোয়া ওয়েব পেজ : ২৯.০১.২০২৪ এলিনা)

## বাংলাদেশ-মিয়ানমার সীমান্তে বিজিবি সদস্যদের সতর্ক থাকার নির্দেশ

বাংলাদেশ-মিয়ানমার সীমান্তে যে কোনো পরিস্থিতি মোকাবেলায়, সর্বোচ্চ সতর্ক থাকার জন্য বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) সদস্যদের নির্দেশ দেয়া হয়েছে। রবিবার (২৯ জানুয়ারি) কক্সবাজার ও বান্দরবান জেলার বাংলাদেশ-মিয়ানমার সীমান্ত পরিদর্শন করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল এ কে এম নাজমুল হাসান। সেখানে বিজিবি সদস্যদের সঙ্গে মতবিনিময় করেন তিনি। মতবিনিময় কালে, সর্বোচ্চ পেশাদারিত্বের সঙ্গে দায়িত্ব পালনের জন্য বাংলাদেশের সীমান্ত রক্ষাকারী বাহিনীর সদস্যদের প্রতি আহ্বান জানান বিজিবি মহাপরিচালক। সম্প্রতি বাংলাদেশের প্রতিবেশী দেশ মিয়ানমার জুড়ে সংঘাতময় পরিস্থিতি চলছে। যার প্রভাব রয়েছে বাংলাদেশ সীমান্ত সংলগ্ন মিয়ানমারের রাখাইন রাজ্যে। সংঘাতময় পরিস্থিতির এমন প্রেক্ষাপটে বিজিবি সদস্যদের বাড়তি সতর্কতার নির্দেশ দেয়া হলো। এর আগে শনিবার (২৭ জানুয়ারি) বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ জানিয়েছিলেন যে মিয়ানমার সীমান্তে বাংলাদেশের নিরাপত্তা বাহিনী সতর্ক অবস্থানে রয়েছে। ব্রিটিশ পার্লামেন্টের একটি প্রতিনিধি দলের সঙ্গে সাক্ষাৎ শেষে সাংবাদিকদের ব্রিফিংকালে এ কথা জানিয়েছেন হাছান মাহমুদ।

”মিয়ানমারের রাখাইনে উত্তেজনাকর পরিস্থিতি হঠাৎ করে নয়, বেশ কিছুদিন ধরেই চলছে। আমাদের সীমান্তরক্ষীরা অনেক আগে থেকেই সতর্ক অবস্থানে রয়েছে;„ জানান বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী।

(ভোয়া ওয়েব পেজ : ২৯.০১.২০২৪ এলিনা)

## বিকল্প কণ্ঠস্বর ও দৃষ্টিভঙ্গির গুরুত্ব ব্যাপক : লিলি নিকোলস

বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ জানিয়েছেন যে বাংলাদেশ ও কানাডা আরো সহযোগিতার ক্ষেত্র অনুসন্ধান করছে। আর, কানাডার হাই কমিশনার লিলি নিকোলস বলেছেন, বিকল্প কণ্ঠস্বর ও দৃষ্টিভঙ্গির গুরুত্ব নিয়ে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে তার আলোচনা হয়েছে। সোমবার (২৯ জানুয়ারি) বাংলাদেশে নিযুক্ত কানাডার হাই কমিশনার লিলি নিকোলসের সঙ্গে বৈঠক করেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ। বৈঠকের পর হাছান মাহমুদ সাংবাদিকদের বলেন, ”কানাডার সঙ্গে আমাদের চমৎকার, বহুমুখী সম্পর্ক রয়েছে। তারা (কানাডা) এই সম্পর্ক বিস্তৃত ও সম্প্রসারণ করতে চায়।„সাংবাদিকদের সঙ্গে পৃথকভাবে কথা বলেন হাই কমিশনার লিলি নিকোলস। দুই দেশের মধ্যে বিদ্যমান বহুমুখী ও দীর্ঘদিনের সম্পর্ক নিয়ে তারা প্রথম ফলপ্রসূ আলোচনা করেছেন; তিনি উল্লেখ করেন।

কানাডার হাই কমিশনার জানান, বৈঠকে তারা সঠিক গণতন্ত্রের জন্য গণমাধ্যমের স্বাধীনতা, নাগরিক সমাজ ও বিকল্প কণ্ঠস্বরের গুরুত্ব নিয়ে আলোচনা করেছেন। ”আর, বিকল্প কণ্ঠস্বর ও দৃষ্টিভঙ্গির গুরুত্ব ব্যাপক, আমরা এ বিষয়ে কথা

বলেছি;„ বলেন হাই কমিশনার নিকোলস। ”জনগণের সঙ্গে জনগণের শক্তিশালী সম্পর্ক, চলমান বাণিজ্যিক সম্পর্ক এবং একটি ক্রমবর্ধমান উন্নয়ন কর্মসূচির মাধ্যমে সম্ভাব্য সহযোগিতার অনেক ক্ষেত্র রয়েছে, যার মাধ্যমে উভয় দেশের নাগরিকরা উপকৃত হতে পারে; উল্লেখ করেন লিলি নিকোলস। হাই কমিশনার নিকোলস রোহিঙ্গা সংকট মোকাবেলায় কানাডার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন। মানবাধিকার ইস্যুতে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী বলেন, মানবাধিকার একটি বৈশ্বিক ইস্যু এবং এটি আমেরিকা, ইউরোপ ও কানাডার আলোচিত ইস্যু। ”আমরাও এ বিষয়ে কাজ করছি;„ যোগ করেন পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ।

আলোচনার বিষয় নিয়ে এক প্রশ্নের জবাবে হাছান মাহমুদ বলেন, ”আমরা গণতন্ত্রের বিষয়গুলো নিয়ে আলোচনা করেছি; কারণ আমাদের গণতন্ত্রের সুষ্ঠু চর্চা করতে হবে। আমরা আমাদের বন্ধুপ্রতিম দেশগুলোর মতামতকে মূল্য দেই।„ কানাডার হাইকমিশনার বলেন, ”সম্ভাব্য সহযোগিতার অনেক ক্ষেত্র রয়েছে; যেগুলোর মাধ্যমে আমাদের উভয় দেশের নাগরিক উপকৃত হবে।„ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের খুনি নূর চৌধুরীকে দেশে ফেরত পাঠিয়ে আদালতের রায় কার্যকর করার বিষয়ে আলোচনা হয়েছে বলে জানান হাছান মাহমুদ।

এক প্রশ্নের জবাবে তিনি জানান, হাই কমিশনারের সিদ্ধান্ত নেয়ার এখতিয়ার নেই, তবে তিনি ঢাকার অনুরোধ তার সরকারকে জানাবেন। তারা দুই দেশের মধ্যে বিশেষ সম্পর্ক এবং দীর্ঘদিনের সম্পর্ক আরো জোরদার করার উপায় নিয়ে কথা বলেছেন বলে জানান পররাষ্ট্রমন্ত্রী ড. মাহমুদ। হাই কমিশনার লিলি নিকোলস বলেন, ”আমাদের মধ্যে দীর্ঘস্থায়ী ও বহুমুখী সম্পর্ক রয়েছে; যার অনেকগুলো মাত্রা রয়েছে।„ উন্নয়ন-অংশীদারিত্বের বিকাশ নিয়েও কথা বলেছেন বলে জানান কানাডার হাই কমিশনার। আর, দুই দেশের সম্পর্ক, কি করে দুই দেশের যৌথ সহযোগিতার অনেক সুযোগ এনে দিয়েছে, তা নিয়েও বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে কথা হয়েছে বলে জানান লিলি নিকোলস।

তিনি বলেন, ভালো বন্ধু হিসেবে তারা মত প্রকাশের স্বাধীনতার গুরুত্ব, নাগরিক সমাজের অসাধারণ মূল্যবোধ এবং একটি প্রাণবন্ত নাগরিক সমাজ সম্পর্কে খুব খোলামেলা কথা বলেছেন। রোহিঙ্গাদের আশ্রয় দেয়ার জন্য বাংলাদেশকে ধন্যবাদ জানান তিনি। ”রোহিঙ্গা সংকটে কানাডার অব্যাহত সমর্থন পুনর্ব্যক্ত করার সুযোগ পেলাম;„ বলেন কানাডার হাইকমিশনার লিলি নিকোলস। (ভোয়া ওয়েব পেজ : ২৯.০১.২০২৪ এলিনা)

## শিক্ষাক্রমের বিরোধিতার নামে কেউ অপরাজনীতি করবেন না : শিক্ষামন্ত্রী

শিক্ষাক্রমের বিরোধিতার নামে অপরাজনীতি না করার অনুরোধ জানিয়েছেন বাংলাদেশের শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী (নওফেল)। সোমবার (২৯ জানুয়ারি) রাজধানী ঢাকার আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে `স্বাধীনতা মাদরাসা শিক্ষক পরিষদের, সঙ্গে মত বিনিময় সভায় এ অনুরোধ করেন তিনি। মহিবুল হাসান চৌধুরী বলেন, ”নতুন পাঠ্যপুস্তকে বিভ্রান্তিকর কিছু থাকলে তা সংশোধন করা হবে। কিন্তু শিক্ষাক্রমের বিরোধিতার নামে কেউ অপরাজনীতি করবেন না।„ জাতীয় শিক্ষাক্রম প্রণয়ন ও বই লেখার কাজে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডে (এনসিটিবি) মাদরাসা শিক্ষকদের অংশগ্রহণ নিশ্চিত করা হবে বলেও উল্লেখ করেন তিনি। ”এতে তারা মাদরাসার জন্য প্রণীত পাঠ্যবইয়ে তাদের মতামত দিয়ে অবদান রাখতে পারবেন;„ যোগ করেন বাংলাদেশের শিক্ষামন্ত্রী।

তিনি বলেন, উপমহাদেশে হাজার বছর ধরে বহমান ইসলামি ভাবধারা দেশের আলিয়া মাদরাসায় চর্চা করা হয়। আর, ইসলাম শিক্ষার বৈশিষ্ট্য অক্ষুণ্ণ রেখে মাদরাসায় নতুন শিক্ষাক্রম চালু করা হয়েছে। ”নতুন এ শিক্ষাক্রম দক্ষতামূলক শিক্ষা নিশ্চিত করবে, যা মাদরাসা শিক্ষার্থীদের কর্মসংস্থান সৃষ্টিতে সহায়ক হবে। এর সঙ্গে ধর্মের কোনো বিরোধ নেই; জানান শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী। তিনি আরো জানান, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের পর বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা দ্বীনি শিক্ষার উন্নয়নে সবচেয়ে বেশি ভূমিকা রেখেছেন। বর্তমান সরকার ১ হাজার ৮০০টি মাদরাসা ভবন নির্মাণের প্রকল্প বাস্তবায়ন করছে; এছাড়া, প্রচুর সংখ্যক মাদরাসা এমপিওভুক্ত করা হয়েছে বলেও জানান শিক্ষামন্ত্রী।

বাংলাদেশের নতুন শিক্ষাক্রমে, সপ্তম শ্রেণির ইতিহাস ও সামাজিক বিজ্ঞান বইয়ে মানুষে মানুষে সাদৃশ্য ও ভিন্নতা অধ্যায়ে `শরীফা, শিরোনামে একটি গল্প যুক্ত করা হয়। এই গল্প নিয়ে বিতর্ক সৃষ্টি হলে, তা খতিয়ে দেখতে পাঁচ সদস্যের বিশেষজ্ঞ কমিটি গঠন করে শিক্ষা মন্ত্রণালয়। বুধবার (২৪ জানুয়ারি) শিক্ষা মন্ত্রণালয় এ কথা জানায়। বিশেষজ্ঞ কমিটির আহবায়ক করা হয় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আব্দুর রশীদকে। কমিটির অন্য সদস্যরা হলেন; ইসলামিক ফাউন্ডেশনের গভর্নর মুফতি মাওলানা কফিল উদ্দীন সরকার, এনসিটিবির সদস্য মশিউজ্জামান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. মো. আবদুল হালিম এবং ঢাকা আলিয়া মাদ্রাসার অধ্যক্ষ অধ্যাপক মোহাম্মদ আব্দুর রশিদ। এর আগে, গত ১৯ জানুয়ারি বর্তমান কারিকুলাম নিয়ে আয়োজিত এক সেমিনারে এক শিক্ষকের কঠোর সমালোচনার পরিপ্রেক্ষিতে শরীফা গল্প নিয়ে পক্ষে-বিপক্ষে আলাচনা শুরু হয়। (ভোয়া ওয়েব পেজ : ২৯.০১.২০২৪ এলিনা)

# রেডিও তেহরান

## গণতন্ত্র প্রসঙ্গে আওয়ামী লীগ-বিএনপি'র পাল্টাপাল্টি অভিযোগ

নির্বাচন পরবর্তী সরকার গঠন ও নতুন সরকারের পথ চলা নিয়ে ক্ষমতাসীন আওয়ামী লীগ এবং প্রধান বিরোধী দল বিএনপির মধ্যে পাল্টাপাল্টি বক্তব্য নিয়ে প্রতিবেদন করেছেন আমাদের ঢাকার বিশেষ প্রতিনিধি :

নির্বাচন পরবর্তী সরকার গঠন ও নতুন সরকারের পথচলার পরে আবারো নানা আলোচনা শুরু হয়েছে রাজনীতির মাঠে। আওয়ামী লীগ সরকারের বিভিন্ন মন্ত্রী এমপিরা বিভিন্ন প্রোগ্রামে বিএনপির রাজনীতির সমালোচনার পাশাপাশি অভিযোগের তীরও ছুঁড়ছেন তাদের দিকে। পিছিয়ে নেই বিএনপি নেতারাও। আজ সোমবার রাজধানী ঢাকার ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতির রাজনৈতিক কার্যালয়ে সংবাদ সম্মেলন করেন দলের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। তিনি অভিযোগ করে বলেন, গণতন্ত্রের অগ্রযাত্রায় ক্ষত সৃষ্টি করতে ষড়যন্ত্র চালাচ্ছে বিএনপি। আওয়ামী লীগ গণতন্ত্রকে প্রাতিষ্ঠানিক রূপ দিয়েছে জানিয়ে তিনি বলেন, বিএনপির হুমকি-ধমকিতে কারো কোনো ভ্রুপেক্ষ নেই। রাজপথেই তাদের সকল সন্ত্রাসের জবাব দেয়া হবে। এ সময় তিনি বলেন, আওয়ামী লীগ জন্মলগ্ন থেকেই গণতন্ত্র রক্ষায় আন্দোলন সংগ্রাম করে আসছে (স্বকণ্ঠে) : গণতন্ত্রের সব দলেরই রাজনীতি করার অধিকার আছে। রাজপথের বিষয়ে আমরা রাজপথেই জবাব দেব। আওয়ামী লীগ আগেও রাজপথে ছিল এখনো থাকবে। রাজনীতির ময়দানে আমরা কাউকে এক বিন্দু ছাড় দেবো না। আবারো বিএনপি আন্দোলনের মাধ্যমে নাশকতার শুরু করেছে জানিয়ে ওবায়দুল কাদের বলেন (স্বকণ্ঠে) : বিএনপি'র হুমকি ধামকিতে কারো কোন ভ্রুক্ষেপ নেই।

এদিকে, বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড.আব্দুল মঈন খান বলেছেন, ৭ জানুয়ারি আওয়ামী লীগের শোচনীয় নৈতিক পরাজয় ঘটেছে। বিএনপি,র প্রতিষ্ঠাতা জিয়াউর রহমানের ৮৮তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে ঢাকা রিপোর্টার্স ইউনিটি মিলনায়তনে আলোচনা সভায় তিনি এ মন্তব্য করেন। ড. মঈন খান বলেন, ক্ষমতায় যাবার জন্য নয়, গণতন্ত্র পুনরুদ্ধারের জন্য আন্দোলন করছে বিএনপি। তিনি জানান, ভোটের অধিকার ফিরিয়ে না আনা পর্যন্ত রাজপথে থাকবে বিএনপির নেতাকর্মীরা (স্বকণ্ঠে) : ৭ই জানুয়ারি নির্বাচন বাংলাদেশের ১১ কোটি মানুষ নির্বাচন বর্জন করার মাধ্যমে এই সরকারকে সম্পূর্ণভাবে পরাজয় করেছে। (রেডিও তেহরান : ২০৩০ ঘ. ২৯.০১.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## বাংলাদেশে `সড়ক দুর্ঘটনার পরিসংখ্যান' প্রকাশ না করার সিদ্ধান্ত

বাংলাদেশে সরকারি উদ্যোগে সড়ক দুর্ঘটনার একটি পূর্ণাঙ্গ তথ্য তুলে ধরার দাবি জানিয়েছে নিরাপদ সড়ক চাই সংগঠন। এখন থেকে সংগঠনটি আর সড়ক দুর্ঘটনায় পরিসংখ্যান প্রকাশ করবে না বলে জানিয়েছে। বিস্তারিত ঢাকা থেকে আমাদের বিশেষ সংবাদদাতার প্রতিবেদনে :

সরকারি উদ্যোগে সড়ক দুর্ঘটনার একটি পূর্ণাঙ্গ তথ্য তুলে ধরার দাবি জানিয়েছে, নিরাপদ সড়ক চাই। একই সাথে এখন থেকে আর `সড়ক দুর্ঘটনার পরিসংখ্যান' প্রকাশ করবে না নিরাপদ সড়ক আন্দোলনের সংগঠন নিরাপদ সড়ক চাই (নিসচা)।

টানা গত ১০ বছর ধরে সড়ক দুর্ঘটনার পরিসংখ্যান প্রকাশ করে আসছিল সংগঠনটি। সোমবার জাতীয় প্রেস ক্লাবের আবদুস সালাম হলে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ ঘোষণা দেন নিসচার চেয়ারম্যান ও অভিনেতা ইলিয়াস কাঞ্চন। ইলিয়াস কাঞ্চন বলেন, সড়ক দুর্ঘটনা নিয়ে বিভিন্ন সংগঠনের তথ্যে গড়মিল রয়েছে। সরকারি তিন দপ্তর স্বাস্থ্য মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও বিআরটিএ এর সমন্বয়ে, শক্তিশালী সড়ক সেল গঠনের মাধ্যমে, সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য পাওয়া যাবে বলে মনে করেন তিনি। ইলিয়াস কাঞ্চন বলেন, নিরাপদ সড়ক চাই (নিসচা) ২০১২ সাল থেকে যে সড়ক দুর্ঘটনার পরিসংখ্যান প্রকাশ করে আসছে, সেদিন থেকে আমরা সরকার ও দেশবাসীকে জানিয়ে আসছি এই কাজটি আমরা আমাদের সীমিত ক্ষমতার মধ্যে শুরু করেছি (স্বকণ্ঠে) : স্বাস্থ্য মন্ত্রণালয়ে স্বাস্থ্য অধিদপ্তরও সরকারের, সড়ক মন্ত্রণালয়ও সরকারের এই দুইটাকে সমন্বয় করে পাশাপাশি আমি বলব যে আমাদের স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে এর সাথে সম্পৃক্ত করে একটি শক্তিশালী রোড ক্রাশ ডাটা সেল তৈরি করা যায় তাহলে আমরা রোড ক্রাশকে আমরা গেস করতে পারবো কোন জায়গায় আমরা কাজ করলে পরে কিভাবে সেটির কাজ হবে, সেই জিনিসগুলো সেই তথ্যগুলো আমরা সঠিকভাবে আমরা কাজে লাগাতে পারব। (রেডিও তেহরান : ২০৩০ ঘ. ২৯.০১.২০২৪, বাদশা রহমান, এলিনা)

# এনএইচকে

## ৭ই অক্টোবর হামাসের হামলায় কর্মী সংশ্লিষ্টতার অভিযোগে আনরোয়া'তে জাপানের অর্থায়ন স্থগিত

ইসরায়েলে ৭ই অক্টোবরের হামাস জঙ্গিদের হামলায় কিছু কর্মী সদস্যের জড়িত থাকার অভিযোগে জাপান ফিলিস্তিনি শরণার্থীদের জন্য জাতিসংঘের একটি সংস্থাকে অতিরিক্ত অর্থ প্রদান স্থগিত করেছে। মার্কিন যুক্তরাষ্ট্র, ব্রিটেন এবং অন্যান্য দেশগুলি ইউএনআরডব্লিউএ বা আনরোয়া'র প্রতি অনুরূপ পদক্ষেপ নেওয়ার পর, রবিবার জাপানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের পররাষ্ট্র প্রেস সচিব কোবাইয়াশি মাকি এক বিবৃতিতে এই ঘোষণা দেন। কোবাইয়াশি বলেন, "সন্ত্রাসী হামলায় আনরোয়া কর্মীদের জড়িত থাকার অভিযোগে জাপান অত্যন্ত উদ্বিগ্ন।" তিনি বলছেন যে, "আনরোয়া বিষয়টির তদন্ত করে অভিযোগ সম্পর্কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পর্যন্ত সাময়িক সময়ের জন্য" জাপান অতিরিক্ত তহবিল সরবরাহ বন্ধ রাখার সিদ্ধান্ত নেয়। তিনি আরও বলেন যে "জাপান দৃঢ়ভাবে আনরোয়া'কে দ্রুত ও যথার্থভাবে তদন্ত

পরিচালনা করার জন্য এবং যথোপযুক্ত ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করছে।" পররাষ্ট্র মন্ত্রণালয় জানায় যে, জাপান চলতি অর্থবছরের মার্চ মাস পর্যন্ত সম্পূরক বাজেটে আনরোয়া'র জন্য অনুদান হিসেবে প্রায় ৩৫ মিলিয়ন ডলার বরাদ্দ রেখেছে। মন্ত্রণালয় বলছে, এই তহবিল এখনো পাঠানো হয়নি।

(এনএইচকে ওয়েব পেজ : ২৯.০১.২০২৪ এলিনা)

## ডয়চে ভেলে

### শীতের ঢাকায় আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের উষ্ণতা

জানুয়ারির শেষটায় ঢাকার মানুষ জবুথবু তীব্র শীতে। কোনো কোনো সন্ধ্যায় বৃষ্টিও নেমেছে। তবু জাতীয় জাদুঘর, শিল্পকলা একাডেমি, আঁলিয়স ফ্রসেঁজে ভরা ছিল অন্যরকম উষ্ণতায়। দেশের সিনেমাপ্রেমী তরুণ-তরুণীসহ বিদেশি অতিথিরা দারুণ উপভোগ করেছেন এবারের আয়োজন। শুরু থেকে দ্যুতি ছড়ানো উৎসব শেষ দিকে রীতিমতো মুখর। `চিলড্রেন অব হ্যাভেন' খ্যাত ইরানি নির্মাতা মাজিদ মাজিদি'র ছবি দিয়ে শুরু করে সমাপণী দিন পর্যন্ত তারকারা ছড়িয়েছেন দ্যুতি। এসেছিলেন ভারতীয় বাঙালি অভিনেত্রী শর্মিলা ঠাকুর, গুণী নৃত্যশিল্পী ও অভিনেত্রী মমতা শঙ্কর। ছিলেন গায়ক, নির্মাতা ও অভিনেতা অঞ্জন দত্ত। চলতি সময়ে টলিউড চলচ্চিত্রের অন্যতম ক্রেজ স্বস্তিকা মুখার্জিও এসেছিলেন বাংলাদেশের এই চলচ্চিত্র উৎসবে। তবে সব ছাপিয়ে দেশি-ভিনদেশি সবার কাছে উৎসবের অন্যতম প্রাণ মনে হয়েছে নান্দনিক আড়াইশ'র বেশি ছবির হাতছানি। এই উৎসবের শ্লোগানই যে, `নান্দনিক চলচ্চিত্র, মননশীল দর্শক, আলোকিত সমাজ'।

১৯৯২ সাল থেকে যাত্রা শুরু হয়েছিল ঢাকা ফিল্ম ফেস্টিভ্যালের। প্রথম আয়োজনের শিরোনামে `আন্তর্জাতিক' শব্দটিই ছিল না। স্পন্সর প্রতিষ্ঠান ওমনি ট্রান্স-এর কর্ণধার নিউ মেন্ডিসের কাছ থেকে পাওয়া তিন লাখ টাকায় হয়েছিল সে উৎসব। সেবার উৎসবের নাম ছিল `ওমনি ঢাকা ফিল্ম ফেস্টিভ্যাল'। চলচ্চিত্র উৎসব আয়োজনের স্বপ্নটার জন্ম জার্মানির মিউনিখে। সে গল্পই বলছিলেন, উৎসব পরিচালক আহমেদ মুজতবা জামাল। বলছিলেন, ``১৯৮৯, ৯০, ৯১-এ সময়টায় আমার বেশিরভাগ চলচ্চিত্র (প্রদর্শনীর) আয়োজন করতাম জার্মান কালচারাল সেন্টারে। তখনকার পরিচালক মিসেস শ্লেসনার একদিন আমাকে বললেন, চলচ্চিত্র নিয়ে তোমার যে আগ্রহ দেখছি, আমার মনে হয় তুমি অন্যদের চেয়ে আলাদা। তুমি কি জার্মানিতে কোনো চলচ্চিত্র উৎসবে যেতে চাও? আমি বললাম, কেন নয়?'' আহমেদ মুজতবা জামালের তখন পাসপোর্টের মেয়াদও ছিল না। মাত্রই শেষ হয়েছে বার্লিন চলচ্চিত্র উৎসব। জার্মান কালচারাল সেন্টারের পরিচালক জানতে চাইলেন, ``সামনে মিউনিখ উৎসব। তুমি যাবে?'' মুজতবা জামাল মিউনিখ গেলেন। একটা ইউরোপিয়ান ফিল্ম ফেস্টিভ্যাল। এত ব্যাপক আয়োজন। কল্পনার চেয়েও সুন্দর মনে হলো তার। অনেক মানুষের সঙ্গে তার পরিচয় হলো! আদুর গোপালকৃষ্ণন, ডেরেক ম্যালকম...। স্বপ্নের ঠিকানা খুঁজে পেলেন মুজতবা জামাল। ঢাকায় যদি পারতেন এমন আয়োজন করতে!

প্রথম আয়োজন ১৯৯২ সালে। ২৬ ডিসেম্বর থেকে ৩১ ডিসেম্বর। পাঁচদিনের আয়োজন। রেইনবো চলচ্চিত্র সংসদের ১৫ বছর পূর্তিও ঐ বছর। জার্মান কালচারাল সেন্টার, আঁলিয়স ফ্রঁসেজ, অ্যামেরিকান সেন্টার, রাশিয়ান কালচারাল সেন্টার, ইন্ডিয়ান হাইকমিশন ঘিরে উৎসব আয়োজন। ছবিগুলোও নেয়া হয়েছিল দূতাবাস থেকে। উৎসব হয়েছিল তথ্য মন্ত্রণালয়ের অনুমতি নিয়ে। দেশের বাইরে থেকে ছবি আনা শুরু দ্বিতীয় আসর থেকে। ১৬ মিলিমিটার। ৩৫ মিলিমিটার। সিএণ্ডএফের মাধ্যমে ছবিগুলো আনতে হয়েছে। সেই উৎসবে অতিথি হয়ে এসেছিলেন ভারতীয় চলচ্চিত্র পরিচালক আদুর গোপালকৃষ্ণন। হয়েছিল তাঁর ছবির `রেট্রোস্পেকটিভ'। পরের বছর দ্বিতীয় আয়োজনটি হয়েছিল ২৩ ডিসেম্বর থেকে ৩১ ডিসেম্বর। নয়দিনের। এরপর থেকে উৎসব সময়সীমা নয়দিনেই বাঁধা থাকলো। ১৯৯২ থেকে '৯৫ পর্যন্ত নিয়মিতই হয়েছে উৎসব। এরপর ৯৬ পেরিয়ে ৯৭। রমজান থাকায় উৎসব হয় জানুয়ারিতে। এরমাঝেই শর্ট ফিল্ম ফোরাম থেকে আয়োজকদের অনুরোধ করা হলো, একবার শর্ট ফিল্ম ফোরাম পরের বছর যেন ঢাকা উৎসব আয়োজন হয়। কিন্তু সে বোঝাপড়া টিকলো না। এরমাঝেই ২০০০ থেকে উৎসবে যোগ হলো প্রতিযোগিতা।

২০১৬ সাল থেকে উৎসব আয়োজিত হচ্ছে ফি বছর। এবার ২২তম আসরে বাজেট চার কোটি টাকারও বেশি ধরা হয়েছে। ভিনদেশি অতিথিদের থাকা ও খাওয়ার খরচ ফেস্টিভ্যাল কর্তৃপক্ষ বহন করে। বিশেষ অতিথি ও বিচারকদের বিমান ভাড়াও উৎসব কর্তৃপক্ষ দিয়ে থাকে। সরকারি পৃষ্ঠপোষকতা নিয়ে আছে দোলাচল। এবছর সরকার ত্রিশ লাখ টাকা নগদ দিয়েছে। আর ত্রিশ লাখ টাকার `সুবিধা' দিয়েছে। তথ্য মন্ত্রণালয়ের সুপারিশে অর্থ মন্ত্রণালয় এই অর্থ সুবিধা দিয়েছে। উৎসব পরিচালক আহমেদ মুজতবা জামাল বলেন, `ফেস্টিভ্যালের জন্য অর্থ দিতে সরকারের কোনো খাত নেই। সাবেক অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত এ বিষয়ে অনেকটা উদার ছিলেন। তাঁর সময় ফেস্টিভ্যাল এক কোটি টাকার অর্থ-সুবিধাও পেয়েছে।` নবম দিনে সমাপণী আয়োজনের আগে উৎসব ভেন্যু জাতীয় জাদুঘর প্রাঙ্গণে ফিলিপাইন্স থেকে আসা চলচ্চিত্র নির্মাতা লুইসিতো লাগদামিও'র সাথে কথা হচ্ছিল। তার কথায় প্রকাশ পাচ্ছিল মুগ্ধতা। বিশেষ করে সিনেমার নির্বাচনে তিনি আনন্দিত। ক্রোয়েশিয়ার নির্মাতা আনজা স্ট্রেলেকের কাছ থেকেও পাওয়া

গেল একইরকম প্রতিক্রিয়া। তবে সংবাদ সম্মেলনে চীনা নির্মাতারা স্ক্রিনিং ঘিরে অসুন্তুষ্টির কথা জানিয়েছেন। এমনকি আয়োজনের ভেন্যুগুলোর বিন্যাস নিয়েও তারা অখুশী।

উৎসবের ছবি `মুনলাইট ওয়ারিয়রে'র নির্মাতা হঙ ইঙ এমন অসন্তোষের কথা জানালেও প্রতিযোগিতায় অংশ নেয়া চলচ্চিত্রগুলোর নান্দনিকতার প্রশংসা করেছেন নির্মাতা লাফাল গিয়াল। বাংলাদেশের চলচ্চিত্র নির্মাতা কৌশিক শঙ্কর দাশ অবশ্য মনে করেন উৎসবের আন্তর্জাতিক হয়ে ওঠার ক্ষেত্রে এখনো কিছু খামতি রয়েছে, ``উৎসবের আবহ আন্তর্জাতিক নয়। দর্শক আগ্রহের কথা বাদই দিলাম, প্রযুক্তিগতভাবেও উৎসবটা এগোয়নি। প্রতিবছর নানা দেশ থেকে চলচ্চিত্র আসে। ছবি আসে। কিন্তু তা কতটা আন্তর্জাতিক, সে প্রশ্ন থেকেই যায়।

আরো একটি বিষয়, একটি উৎসব ৩২ বছর ধরে হচ্ছে, তাকে কেন সরকারের পৃষ্ঠপোষকতার দিকে তাকিয়ে থাকতে হবে?'' প্রায় একই মত সূর্য দীঘল বাড়ি-খ্যাত নির্মাতা মসিহউদ্দিন শাকেরের। তবে তিনি আয়োজনের ধারবাহিকতার প্রশংসা করেছেন। উৎসব পরিচালক আহমেদ মুজতবা জামাল উৎসবের খামতির প্রসঙ্গে বললেন, ``আমরা যদি কলকাতার নন্দনের মতো একটা উৎসব ভেন্যু পাই, আমি আপনাকে নিশ্চয়তা দিতে পারি, ঢাকা ফেস্টিভ্যাল এশিয়ার সেরা হবে।''

ঢাকা উৎসবের এবারের আসরে বাংলাদেশ প্যানোরামা বিভাগে পূর্ণদৈর্ঘ্য ছবি হিসেবে সেরা হয়েছে পান্থ প্রসাদ নির্মিত `সাবিত্রী'। এশিয়ান বিভাগে সেরা ছবি চীনের তরুণ নির্মাতা কুইয়াও সিক্সুই পরিচালিত `দ্য কর্ড অব লাইফ'। এতে আলঝেইমারে আক্রান্ত নারীর চরিত্রে অনবদ্য অভিনয়ের জন্য সেরা অভিনেত্রীর পুরস্কার পেয়েছেন অভিনেত্রী বাদেমা। এই বিভাগে অংশ নিয়েছিল কলকাতার নন্দিত সংগীতশিল্পী, অভিনেতা ও নির্মাতা অঞ্জন দত্তের ছবি `চালচিত্র এখন'। এই ছবিতে অনবদ্য অভিনয়ের সুবাদে সেরা অভিনেতার পুরস্কার পেয়েছেন অঞ্জন। এশিয়ান চলচ্চিত্র প্রতিযোগিতা বিভাগের সেরা পরিচালকের পুরস্কার পেয়েছেন শ্রীলঙ্কান সিনেমা `হুইসপারিং মাউন্টেইনস' নির্মাতা জগথ মনুয়ারা। স্পেশাল জুরি মেনশন সিনেমার পুরস্কার পেয়েছে কাজাখস্তানের সিনেমা `হ্যাপিনেস'; এটি পরিচালনা করেছেন আসকর ইউবেবায়েব। স্পেশাল জুরি মেনশন অভিনেত্রীর পুরস্কার পেয়েছেন ঢাকার তরুণ অভিনেত্রী আফরিন খানম। নির্মাতা অ্যাঞ্জেলস রেলিস পরিচালিত `মাইটি আফরিন-ইন দ্য টাইম অব ফ্লাডস' সিনেমায় অভিনয় করেছেন তিনি। বাংলাদেশ, ফ্রান্স ও গ্রিসের যৌথ প্রযোজনায় নির্মিত হয়েছে সিনেমাটি।

বাংলাদেশ প্যানোরামার `ট্যালেন্ট' বিভাগে সেরা স্বল্পদৈর্ঘ্য সিনেমা হিসেবে ফিপ্রেসি পুরস্কার জিতেছে বৈশাখী সমাদ্দারের `লায়লা'। প্রথম রানারআপ হয়েছে শুভাশীষ সিনহার `ইনাফি' ও দ্বিতীয় রানারআপ হয়েছে জিয়াউল হক রাজুর `অন্তহীন পথে'। অন্যান্য পুরস্কারের মধ্যে শিশুতোষ সিনেমা বিভাগে বাদল রহমান পুরস্কার পেয়েছে ভারতীয় নির্মাতা বিপুল শর্মার `প্রভাস'। অডিয়েন্স অ্যাওয়ার্ড পেয়েছে বাংলাদেশ-ভারত যৌথ প্রযোজনায় নির্মিত শ্যাম বেনেগালের সিনেমা `মুজিবঃ একটি জাতির রূপকার'। স্পেশাল অডিয়েন্স অ্যাওয়ার্ড পেয়েছে ভারতীয় পরিচালক অভিজিৎ শ্রীদাসের `বিজয়ার পরে'। (ডয়চে ভেলে ওয়েব পেজ : ২৯.১.২৪ রিহাব)

## সরকারের সামনে ঋণ পরিশোধের ক্রমবর্ধমান চাপ

গত জুলাই থেকে ডিসেম্বর পর্যন্ত বৈদেশিক ঋণ পরিশোধ বেড়েছে প্রায় ৪৯ ভাগ। ওই ছয় মাসে বিদেশি ঋণের সুদ ও আসল হিসেবে বাংলাদেশকে পরিশোধ করতে হয়েছে ১৫৬ কোটি ডলার। আগের অর্থবছরে (২০২২-২৩) একই সময়ে যা ছিল ১০৫ কোটি ডলার। অর্থ মন্ত্রণালয়ের হিসাব অনুযায়ী, চলতি অর্থ বছরে (২০২৩-২৪) মোট আসল ও সুদ পরিশোধ করতে হবে ৩২৮ কোটি ডলার। আগামী অর্থ বছরে অঙ্কটা দাঁড়াবে ৪০০ কোটি ডলার। এরপর এর পরিমাণ বাড়তেই থাকবে। ২০২৯-৩০ সালে যা হবে ৫১৫ কোটি ডলার। ঠিক এখন সরকারের বিদেশি ঋণের পরিমাণ সাত হাজার ৭৬ কোটি মার্কিন ডলার। আন্তর্জাতিক পর্যায়ে আন্তঃব্যাংক ডলার লেনদেনের সুদের হার (সিকিউর্ড ওভারনাইট ফাইনান্সিং রেট-এসওএফআর) বেড়ে গেছে। এখন এই রেট পাঁচ ভাগের বেশি হলেও ইউক্রেন যুদ্ধের আগে ছিল এক ভাগ। আর বাংলাদেশের বাজারভিত্তিক (শর্ট টার্ম) ঋণ ক্রমাগত বাড়ছে। ফলে সুদ বেশি গুণতে হচ্ছে আর সময়ও কম পাওয়া যাচ্ছে। আর বেশকিছু মেগা প্রকল্প, যেমন রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র, মেট্রোরেল, কর্ণফুলী টানেলসহ বিভিন্ন প্রকল্পের বিদেশি ঋণের `গ্রেস পিরিয়ড' শেষ হয়ে যাচ্ছে। ফলে ঋণ পরিশোধের চাপ বাড়ছে। এর সঙ্গে যুক্ত হয়েছে ডলারের মূল্য বৃদ্ধি।

সাউথ এশিয়ান নেটওয়ার্ক অন ইকোনমিক মডেলিং (সানেম)-এর নির্বাহী পরিচালক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. সেলিম রায়হান বলেন, "মেগা প্রকল্পগুলোর জন্য যে ঋণ নেয়া হয়েছে, সেগুলো পুরোপুরি বাস্তবায়ন না হলেও ঋণ পরিশোধ শুরু হয়ে গেছে। এই প্রকল্পগুলো বাস্তবায়নের পর যদি আমাদের রপ্তানি খাতে অবদান রাখতে পারে, যদি আমরা আরো বেশি পরিমাণ রপ্তানি করতে পারি, বিদেশি বিনিয়োগ আনতে পারি, তাহলে ঋণের চাপ কমবে। আমাদের ঋণ পরিশোধ করতে হচ্ছে বিদেশি মুদ্রায়। তাই আমাদের রপ্তানি আয় বাড়াতে হবে। কিন্তু সমস্যা হচ্ছে, অনেক প্রকল্প বাস্তবায়ন করতে দীর্ঘ সময় নেয়া হয়েছে। এর সঙ্গে প্রকল্প ব্যয়ও অনেক বেড়ে গেছে। এখন যা শুনছি সরকার প্রকল্প দ্রুত বাস্তবায়ন করার কথা বলছে। নতুন কোনো প্রকল্প তার আগে না নেয়ার কথা বলছে।

তাতে মনে হচ্ছে, সরকারের একটা রিয়েলাইজেশন হয়েছে। তবে এরই মধ্যে যে ঋণ নেয়া হয়েছে, যে প্রকল্প নেয়া হয়েছে, সেই প্রকল্পগুলোও রিভিউ করা দরকার। কতদিন লাগবে বাস্তবায়ন করতে। কতটা ভায়েবল হবে।„

তিনি এক প্রশ্নের জবাবে বলেন, ”তারপরও দেশে যে উন্নয়নমূলক কর্মকাণ্ড চলছে, তাতে আমাদের ঋণ লাগবে। কিন্তু আমাদের দেখতে হবে আমরা কোন ধরনের ঋণ নেবো। এ ব্যাপারে আমাদের সতর্ক হতে হবে। বিশ্বব্যাংক, এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক- এইসব বহুপাক্ষিক সোর্সগুলোতে ঋণের সুদ কম এবং গ্রেস পিরিয়ড বেশি থাকে। কিন্তু দ্বিপাক্ষিক সম্পর্কের ভিত্তিতে যে ঋণ নেয়া হয়, তার সুদের হার বেশি থাকে এবং সেগুলো শর্ট টার্ম হয়ে থাকে। গত ১০ বছরে আমরা এই শর্ট টার্ম ঋণ বেশি নিয়েছি। ফলে তা শোধ করতে হচ্ছে। বিশ্বব্যাংক বা আইএমএফের মতো প্রতিষ্ঠান থেকে ঋণ নিলে তাদের অনেক শর্ত থাকে। সেটা এড়িয়ে যেতেই হয়তোবা সরকার শর্ট টার্ম ও বেশি সুদে ঋণের দিকে ঝুঁকেছে। কিন্তু এই ঋণ আমাদের জন্য ঝুঁকিপূর্ণ।„

বিশ্বব্যাংকের ঢাকা কার্যালয়ের সাবেক মুখ্য অর্থনীতিবিদ জাহিদ হোসেন বলেন, ”দুই দিক থেকে বিদেশি ঋণের চাপ বাড়ছে। একটা হলো, ডলারের দাম বাড়ছে, যা আমাদের বৈদেশিক লেনদেনের ভারসাম্যে প্রভাব ফেলছে। আর হলো, ফাইনান্সিয়াল অ্যাকাউন্টের ডেফিসিট। আমরা যে ঋণ ইদানিংকালে নিয়েছি, সেগুলোর ব্যবহার যথাসময়ে করতে না পারায় ওই ঋণ থেকে রিটার্ন আসছে না। কিন্তু টাকা ফেরত দেয়ার সময় চলে এসেছে। ফলে আয় নেই, কিন্তু দায় পরিশোধ করতে হচ্ছে।„ তার কথা, ”যে ঋণ আমরা নিয়েছি, সেটা তো আমাদের ফেরত দিতে হবে। ফেরত না দেয়ার তো কোনো বিকল্প নাই। এখন এই ঋণ পরিশোধ করতে হলে আমাদের রপ্তানি আয় এবং রেমিট্যান্স বাড়াতে হবে। আর কোনো পথ দেখছি না। আমাদের ডলার আয় বাড়াতে হবে। নয়তো ঋণ পরিশোধ করতে গিয়ে অন্যখাতে না আবার ডলার সংকট তৈরি করে। আর নতুন ঋণ নেয়ার ক্ষেত্রে আমাদের সতর্ক থাকতে হবে। যেসব ঋণ সস্তায় পাওয়া যায়, দীর্ঘ মেয়াদে পাওয়া যায়, সেটা নিলে আমাদের চাপ বাড়বে না। যেমন, বিশ্বব্যাংক, এডিবির ঋণ ৩০ বছর মেয়াদে। দুই থেকে আড়াই শতাংশ সুদ। আরো পাঁচ বছর গ্রেস পিরিয়ড পাওয়া যায়। তবে তাদের তো আবার পছন্দের প্রকল্প আছে। সেটা ধরে আমাদের জন্য যেগুলো ভায়াবল হবে, সেগুলো আমরা নিতে পারি।

আর চীনসহ যেকেনো দ্বিপাক্ষিক ঋণেরই সুদের হারই বেশি। সময় কম। আবার তাদের শর্তও বেশি। তাই ওই ধরনের ঋণ নিলে হিসাব করে নিতে হবে, যাতে প্রকল্প থেকেই ঋণ শোধ করা যায়। পেলেই নিতে হবে, সেটা নয়। লাভজনক হলে নেয়া যাবে।„ এ বিষয়ে সদ্য সাবেক পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান বলেন, ”আমরা ঋণ করেছি, তা তো শোধ করতে হবে। ঋণের চাপ তো বাড়বেই। গত ছয় মাস, নয় মাস নির্বাচনের কারণে, রাজনৈতিক কারণে অর্থনীতি চাপে ছিল। রাজস্ব আদায়, বিনিয়োগসহ আরো অনেক দিকে সমস্যা হয়েছে। আমার মনে হয় এখন পরিস্থিতি স্বাভাবিক হবে। যদি ছয় মাসও রাজনৈতিক স্থিতিশীলতা থাকে, তাহলে সমস্যা কাটিয়ে ওঠা যাবে।„ তার কথা, ”প্রধানমন্ত্রী তো বলেছেন, নতুন প্রকল্পে না গিয়ে, কৃচ্ছতা সাধন করে, যে প্রকল্প আছে তা দ্রুত বাস্তবায়ন করে পরিস্থিতি আয়ত্বে আনার নির্দেশনা দিয়েছেন। আমরা মনে হয় ভয়ঙ্কর কিছু হয়নি। প্রধানমন্ত্রীর নির্দেশনায় অর্থনীতিতে একটা মেসেজ যাবে। পরিস্থিতি কাটিয়ে ওঠা যাবে।„ (ডয়চে ভেলে ওয়েব পেজ : ২৯.১.২৪ রিহাব)

## রেডিও টুডে

### একাদশ জাতীয় সংসদের মেয়াদ শেষ হচ্ছে আজ

একাদশ জাতীয় সংসদের মেয়াদ শেষ হচ্ছে আজ। একাদশ সংসদের কার্যদিবস কম হলেও সর্বোচ্চ সংখ্যক ২৫টি অধিবেশন বসেছে। আগামীকাল থেকে শুরু হবে দ্বাদশ জাতীয় সংসদের যাত্রা। মঙ্গলবার বিকেল তিনটায় বসবে এই সংসদের প্রথম অধিবেশন। প্রথম অধিবেশনে নির্বাচিত করা হবে স্পিকার ও ডেপুটি স্পিকার। এরপর ভাষণ দেবেন রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন। ইতোমধ্যে প্রথম অধিবেশনের জন্য সব প্রস্তুতি শেষ করেছে সংসদ সচিবালয়। কোন দিকে এরই মধ্যে সংসদ নেতা হিসেবে নির্বাচিত হয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা আর উপনেতা হয়েছেন মতিয়া চৌধুরী পাশাপাশি বিরোধী দলীয় নেতা হয়েছেন জাতীয় পার্টির জিএম কাদের ও উপনেতা আনিসুল ইসলাম মাহমুদ। দাদশ সংসদে আওয়ামী লীগের ২২৩ জন সংসদ সদস্য ছাড়াও স্বতন্ত্র ৬২ জন জাতীয় পার্টির ১১ জন এবং জাতীয় সমাজতান্ত্রিক দল ওয়াকার্স পার্টি ও কল্যাণ পার্টির একজন করে সংসদ সদস্য আছেন।

(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২৯.০১.২০২৪ রুবাইয়া)

### আগামীকাল সংসদ অধিবেশন উপলক্ষে সংসদ ভবনের আশেপাশে কিছু নিষেধাজ্ঞা আরোপ ডিএমপির

আগামীকালে সংসদ অধিবেশন উপলক্ষ্যে অধিবেশন চলাকালে জাতীয় সংসদ ভবন ও আশপাশের এলাকায় শান্তি-শৃঙ্খলা রক্ষার জন্য কিছু নিষেধাজ্ঞা আরোপ করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ ডিএমপি। রোববার ডিএমপি কমিশনার হাবিবুর রহমান স্বাক্ষরিত এক আদেশে এই নির্দেশনা জারি করা হয়। এতে বলা হয়েছে সোমবার রাত বারোটা থেকে সংশ্লিষ্ট এলাকায় সব ধরনের অস্ত্রশস্ত্র বিস্ফোরক দ্রব্য, অন্যান্য ক্ষতিকারক ও দর্শনীয় দ্রব্য বহন নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে। এছাড়াও যে কোন প্রকার সমাবেশ মিছিল শোভাযাত্রা ও বিক্ষোভ প্রদর্শন ইত্যাদি নিষিদ্ধ করা হয়েছে।

(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২৯.০১.২০২৪ রুবাইয়া)

**বিএনপিপন্থি ৭ আইনজীবীর বিরুদ্ধে আদালত অবমাননার শুনানি ১২ই ফেব্রুয়ারি পর্যন্ত মুলতবি**

বিএনপিপন্থি ৭ আইনজীবির বিরুদ্ধে করা আদালত অবমাননার আবেদনের শুনানি আগামী ১২ই ফেব্রুয়ারি পর্যন্ত মুলতবি করেছেন আপিল বিভাগ। আপিল বিভাগের জ্যেষ্ঠ বিচারপতি বোরহান উদ্দিনের নেতৃত্বাধীন পাঁচ সদস্যের আপিল বিভাগ আজ সোমবার পর্যন্ত শুনানি মুলতবি করেন। ঐদিন ৭ আইনজীবীকে আদালতে উপস্থিত থাকতে হবে। আপিল বিভাগের দুজন বিচারপতি সম্পর্কে এক সংবাদ সম্মেলনে দেয়া বক্তব্যের সূত্র ধরে এই আইনজীবীদের বিরুদ্ধে গত বছরে ২৯ আগস্ট আদালত অবমাননার অভিযোগে আবেদন করা হয়।

(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২৯.০১.২০২৪ রুবাইয়া)

**নতুন পাঠ্যপুস্তকে বিভ্রান্তিকর কিছু থাকলে তা সংশোধন করা হবে : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী বলেছেন নতুন পাঠ্যপুস্তকে বিভ্রান্তিকর কিছু থাকলে তার সংশোধন করা হবে। তবে শিক্ষাক্রম এর বিরোধিতার নামে এখন যা করা হচ্ছে তা অপরাজনীতি। সোমবার রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে স্বাধীনতা মাদ্রাসা শিক্ষক পরিষদের এক মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। শিক্ষামন্ত্রী আরো বলেন জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডে মাদ্রাসা শিক্ষকদের অংশগ্রহণ নিশ্চিত করা হবে। এর ফলে তারা মাদ্রাসার জন্য প্রণীত পাঠ্য বইয়ে তাদের মতামত প্রদান ও অবদান রাখতে পারবেন।

(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২৯.০১২০২৪ রুবাইয়া)

**রাশিয়া যাচ্ছেন প্রধান নির্বাচন কমিশনার কাজী হাবিবুল আউয়াল**

বোট দেখতে রাশিয়া যাচ্ছেন প্রধান নির্বাচন কমিশনার কাজী হাবিবুল আউয়াল। আগামী ১২ই মার্চের দিকে সুবিধাজনক দিনে রাশিয়ার উদ্দেশ্যে যাত্রা শুরু করার কথা রয়েছে। তিনি দেশে ফিরবেন ১৯ মার্চ। রোববার ইসির উপসচিব মোঃ শাহ আলম এ সংক্রান্ত একটি চিঠি প্রধান হিসাব ও অর্থ কর্মকর্তার কাছে পাঠিয়েছেন। চিঠিতে জানানো হয় আগামী ১৪ থেকে ১৮ মার্চ সিইসি সহ তার একান্ত সচিব কিছু শর্তসাপেক্ষে রাশিয়া সফর করবেন।

(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২৯.০১.২০২৪ রুবাইয়া)

**শিশু আয়নের মৃত্যু : স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিবেদন আই ওয়াশ ছাড়া কিছু না বলে মন্তব্য হাইকোর্টের**

ইউনাইটেড হাসপাতালে খতনা করার পর শিশু আয়ানের মৃত্যু নিয়ে স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিবেদন আই ওয়াশ ছাড়া কিছু না বলে মন্তব্য করেছেন হাইকোর্ট। সোমবার হাইকোর্টে বিচারপতি মোস্তফা জামান ইসলাম ও বিচারপতি মোঃ আতাবুল্লাহ সমন্বয়ে গঠিত বেঞ্চ এ কথা বলেন। হাইকোর্ট বলেছেন চিকিৎসায় অবহেলা দেখছেন উচ্চ আদালত। স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিবেদন আই ওয়াশ ও হাস্যকর। সুন্নতে খতনা করাতে গিয়ে লাশ হয়ে ইউনাইটেড মেডিকেল কলেজ হাসপাতাল থেকে ফেরে শিশু আয়ান। তার মৃত্যুতে অতিরিক্ত অ্যানেস্থেসিয়ার অভিযোগ তোলে পরিবার। তবে এ ঘটনায় দেয়ার স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিবেদনে নেই কোন মৃত্যুর কারণ। এমনকি মৃত্যুর জন্য কাউকে সরাসরি দায়ী ও করা হয়নি। রোববার অ্যাটর্নি জেনারেল এর কার্যালয়ে এই প্রতিবেদন জমা দেয় অধিদপ্তর। আজ তার শুনানি হয়েছে।

(রেডিও টুডে: ২৯.০১.২০২৪ রুবাইয়া)

**পাটগ্রামে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর গুলিতে নিহত বাংলাদেশির লাশ ফেরত দিয়েছে বিএসএফ**

লালমনিরহাটের পাটগ্রাম উপজেলার দহগ্রাম সীমান্তে আঙ্গোরপোতা সীমান্তের ওপারে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর বিএফএসএফের গুলিতে নিহত বাংলাদেশির লাশ ফেরত দিয়েছে। রোববার দিবাগত রাত সাড়ে এগারোটার দিকে পাটগ্রাম উপজেলার তিন বিঘা করিডোরে লাশ হস্তান্তর করা হয়। পাটগ্রাম থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ফেরদৌস ওয়াহিদ সংবাদমাধ্যমকে বলেন নিহত রবিউলের লাশ ভারতীয় পুলিশ ময়না তদন্ত শেষে বিএসএফের মাধ্যমে দুই দেশের পুলিশের উপস্থিতিতে বিজিবির কাছে হস্তান্তর করে। লাশ গ্রহণের পর নিহত রবিউলের পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২৯.০১.২০২৪ রুবাইয়া)

**সাংবিধানিকভাবে নির্বাচিত সরকারকে উৎখাতের শক্তি কারো নেই : ওবায়দুল কাদের**

সাংবিধানিকভাবে নির্বাচিত সরকারকে উৎখাতের শক্তি কারো নেই বলে মন্তব্য করেছেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী এবং আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। সোমবার দুপুরে ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতির কার্যালয়ে এক ব্রিফিংয়ে এই মন্তব্য করেন তিনি। ওবায়দুল কাদের বলেন নতুন সংসদের উদ্বোধনী দিনে যেদিন রাষ্ট্রপতি জাতির উদ্দেশ্যে ভাষণ দেবেন এই দিনটিতে যারা কাল পতাকা মিছিল করার ঘোষণা দিয়েছেন তাদের উচিত নেতৃত্বের ব্যর্থতার জন্য বিএনপির দলীয় অফিস কালো কাপড় দিয়ে ঢেকে রাখা। তাদের নেতাদের বাড়িও কালো কাপড়ে দিয়ে মুড়িয়ে রাখা। ওবায়দুল কাদের আরো বলেন আমরা দেশের প্রয়োজনীয় সকল পদক্ষেপ নিচ্ছি। আমরা অগ্রাধিকার ভিত্তিতে নিত্য পণ্যের মূল্যের বিষয়টিতে বিশেষ নজর দিচ্ছি।

(রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ২৯.০১.২০২৪ আসাদ)

**জনগণ দ্বারা প্রত্যাখ্যাত একটি দল হচ্ছে বাংলাদেশ আওয়ামী লীগ : মঈন খান**

বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. আব্দুল মঈন খান বলেছেন আমরা শান্তিপূর্ণ আন্দোলনে বিশ্বাসী। ৭ জানুয়ারি দেশের জনগণ ডামী নির্বাচনে ভোট বর্জন করেছে। সোমবার দুপুরে রাজধানীর সেগুনবাগিচায় ঢাকা রিপোর্টার্স ইউনিটি মিলনায়তনে বিএনপি'র প্রতিষ্ঠাতা প্রয়াত রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৮৮ তম জন্মবার্ষিকী উপলক্ষে আয়োজিত সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তিনি বলেন আওয়ামী লীগ বাংলাদেশের রাজনীতিতে ব্যর্থ এবং জনগণ দ্বারা প্রত্যাখ্যাত একটি দল। দেশের জনগণ অতিতেও আপোষ করেনি এবারও ভোটাধিকার ও গণতন্ত্র প্রশ্নে আপস করবে না। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ২৯.০১.২০২৪ আসাদ)

**মোয়াজ্জেম হোসেন আলাল কে গ্রেফতার দেখানোর নির্দেশ দিয়েছেন হাইকোর্ট**

নাশকতার চার মামলায় বিএনপি'র যুগ্ম মহাসচিব মোয়াজ্জেম হোসেন আলাল কে গ্রেফতার দেখানোর নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। সোমবার বিচারপতি মোস্তফা জামান ইসলামের নেতৃত্বাধীন হাইকোর্ট বেঞ্চ এক আবেদনের প্রেক্ষিতে এই আদেশ দেন। এর আগে ২০১৩ সালে বিএনপি - জামায়াতের হরতাল অবরোধ চলাকালে রাজধানীর ধানমন্ডিতে একটি যাত্রীবাহী বাসে অগ্নিসংযোগের ঘটনায় করা মামলায় বিএনপির যুগ্ম মহাসচিব মোয়াজ্জেম হোসেন আলাল ও যুবদলের সাবেক সভাপতি সাইফুল ইসলাম নিরবসহ আটজনের তিন বৎসরের কারাদণ্ডের আদেশ দেন আদালত। গত ৩১শে ডিসেম্বর ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মোঃ জসিম আলাদা দুই ধারায় এই কারাদণ্ডের আদেশ দেন।
(রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ২৯.০১.২০২৪ আসাদ)

**নিম্ন আদালতে আত্মসমর্পণ করে ড. মুহাম্মদ ইউনূস কে জামিন চাইতে হবে : দুদক**

গ্রামীন টেলিকমের চেয়ারম্যান ও শান্তিতে নোবেল বিজয়ী ড. মুহাম্মদ ইউনূস কে নিম্ন আদালতে হাজির হয়ে আত্মসমর্পণ করে জামিন চাইতে হবে বলে জানিয়েছেন দুদকের আইনজীবী। সোমবার বেলা তিনটায় দুদকের আইনজীবী এই তথ্য জানান। এর আগে এদিন গ্রামীণ টেলিকমের শ্রমিক কর্মচারী কল্যাণ তহবিলের অর্থ আত্মসাৎ এর অভিযোগে ড. মুহাম্মদ ইউনূস সহ ১৪ জনের বিরুদ্ধে আদালতে চার্জশিট দিয়েছে দুদক।
(রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ২৯.০১.২০২৪ আসাদ)

## জাগো এফএম

**রমজানে দাম সহনীয় রাখতে ৪ পণ্যে শুল্ক কমাতে বললেন প্রধানমন্ত্রী**

রমজানে দাম সহনীয় রাখতে ভোজ্যতেল, খেজুর, চিনি ও চালের আমদানি শুল্ক কমানোর নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আজ সোমবার প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে শেখ হাসিনা এ নির্দেশ দেন। বৈঠকে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী। বৈঠক শেষে সচিবালয়ে মন্ত্রিপরিষদ সচিব মোঃ মাহবুব হোসেন প্রেস ব্রিফিংয়ে এ তথ্য জানান। শুল্ক কতটুকু কমানো হবে সেটি এখন জাতীয় রাজস্ব বোর্ড, এনবিআর সিদ্ধান্ত নেবে বলেও জানান মন্ত্রিপরিষদ সচিব। তিনি বলেন, 'নির্বাচনের পর দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে প্রধানমন্ত্রী বিশেষ গুরুত্ব দিয়েছিলেন। সংশ্লিষ্ট মন্ত্রীদের সমন্বয়ের ভিত্তিতে এটির উপর কাজ করতে বলেছেন। আজ মন্ত্রীদের কাছ থেকে এটির সর্বশেষ অবস্থা জেনেছেন প্রধানমন্ত্রী। মন্ত্রীরা কী কী কাজ করেছেন এবং তাদের অভিজ্ঞতা জানিয়েছেন।'

মন্ত্রিপরিষদ সচিব বলেন, 'এরপর প্রধানমন্ত্রী সুনির্দিষ্ট নির্দেশনা দিয়েছেন। রমজানে যে পণ্যগুলোর দরকার হয়, বিশেষ করে খেজুর, ভোজ্যতেল, চিনি ও চাল এ চারটি পণ্যের শুল্কহার হ্রাস করার জন্য এনবিআরকে নির্দেশনা দিয়েছেন। সেটি নিয়ে এখন তারা কাজ করছে। কী পরিমাণ শুল্ক কমানো হবে সেটি এনবিআর হিসাব করে দেখবে, যাতে দ্রব্যমূল্যের চাপটা মানুষের ওপর কম থাকে।' মাহবুব হোসেন বলেন, 'মন্ত্রীরা মাঠপর্যায়ের কর্মকর্তাদের নিয়ে সমন্বিতভাবে কাজ করছেন। বেশ কিছু আইটেমের ওপর ইমপ্যাক্ট আসা শুরু করেছে। আগামী রমজান মাস বিবেচনা করে আরো যাতে নিয়ন্ত্রণে আনা যায় সেজন্য এই চারটি পণ্যের ওপর থেকে শুল্ক কমানোর নির্দেশনা দিয়েছেন।'
(জাগো এফএম : ১৭০০ ঘ. ২৯.০১.২০২৪ প্রতীক)

**স্থায়ী রূপ পাচ্ছে দ্রুত বিচার আইন**

বহু আলোচিত দ্রুত বিচার আইনের মেয়াদ ধাপে ধাপে না বাড়িয়ে এটিকে স্থায়ী রূপ দেওয়া হচ্ছে। আজ সোমবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভা বৈঠকে আইন-শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ আইন ২০২৪ এর খসড়ার নীতিগত ও চূড়ান্ত অনুমোদন দেওয়া হয়। প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ বৈঠক হয়। সভা শেষে সচিবালয়ে মন্ত্রিপরিষদ সচিব মেঃ মাহবুব হোসেন ব্রিফিংয়ে বলেন, 'দ্রুত বিচার আইন করার পর এর মেয়াদ ছিল ২ বছর। পরে কয়েক ধাপে আইনটির মেয়াদ বাড়ানো হয়। ২০২৪ সালের ৯ এপ্রিল এর মেয়াদ শেষ হবে।' তিনি বলেন, 'আইনটিকে স্থায়ী আইন হিসেবে গ্রহণ করার সিদ্ধান্ত দিয়েছে মন্ত্রিসভা। এখন থেকে আর এর মেয়াদ বাড়াতে হবে না।'
(জাগো এফএম : ১৭০০ ঘ. ২৯.০১.২০২৪ প্রতীক)

**মঙ্গলবার দ্বাদশ সংসদের প্রথম অধিবেশনে ভাষণ দেবেন রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন মঙ্গলবার বিকেল ৩টায় দ্বাদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনে ভাষণ দেবেন। এটি ২০২৪ সালেরও প্রথম অধিবেশন। সংসদীয় রীতির সঙ্গে সামঞ্জস্য রেখে রাষ্ট্রপতি প্রতি বছর সংসদের প্রথম অধিবেশনে ভাষণ দেন। এর আগে রাষ্ট্রপতি সংবিধানের ৭২-এর ১ অনুচ্ছেদের প্রদত্ত ক্ষমতাবলে ২০২৪ সালের প্রথম সংসদ অধিবেশন আহ্বান করেন। রাষ্ট্রপতির প্রেস সচিব মোঃ জয়নাল আবেদীন জানান, 'রাষ্ট্রপতির ভাষণ এরই মধ্যে মন্ত্রিসভায় অনুমোদিত হয়েছে।' প্রেস সচিব বলেন, 'আওয়ামী লীগ সরকারের উন্নয়ন কর্মকাণ্ডসহ সাফল্য ও ভবিষ্যৎ পরিকল্পনা তার বক্তব্যে প্রাধান্য পাবে।' সংসদ সচিবালয় সূত্র জানায়, এরই মধ্যে জাতীয় সংসদের প্রথম অধিবেশনের জন্য সব প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। আসন বিন্যাসের কাজ চূড়ান্ত করা হয়েছে। এই অধিবেশনে বেশ কয়েকটি বিল উত্থাপন হওয়ার কথা রয়েছে বলে সংসদ সচিবালয় জানায়। এদিন সংসদের কার্যপ্রণালী শুরুর আগে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে সংসদীয় কার্য উপদেষ্টা কমিটির বৈঠক অনুষ্ঠিত হবে। বৈঠকে অধিবেশনের কার্যকাল ও আলোচ্যসূচি ঠিক করা হবে। (জাগো এফএম : ১৭০০ ঘ. ২৯.০১.২০২৪ প্রতীক)

## কিছু কিছু জায়গায় মৌলিক পরিবর্তন আনতে চাই : তথ্য প্রতিমন্ত্রী

কিছু কিছু জায়গায় মৌলিক পরিবর্তন আনতে চান বলে জানিয়েছেন তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত। আজ সোমবার জাতীয় প্রেস ক্লাবের নেতাদের সঙ্গে মত বিনিময়ের সময় তিনি এ কথা বলেন। প্রতিমন্ত্রী বলেন, 'গণমাধ্যমের পূর্ণাঙ্গ স্বাধীনতা দরকার এ ব্যাপারে কারো কোনো দ্বিমত নেই। একইসঙ্গে অপতথ্যকেও দমন করা দরকার। এটি দমন করার উপায় আমরা সবাই কেন খুঁজে বের করছি না। তাহলে কি আমাদের মধ্যে অনেকে সামনে এক কথা বলছি, আর পেছনে আরেক কথা বলছি। সামনে পেছনে সমান কথা বলতে হবে। তাহলে পেশাদারিত্ব ও স্বচ্ছতা আনা যাবে। দিন শেষে সিদ্ধান্তটা নিতে হবে বৃহত্তর স্বার্থে। কিছু কিছু জায়গায় মৌলিক পরিবর্তন আনতে চাই। সুযোগ যেহেতু পেয়েছি।, তথ্য প্রতিমন্ত্রী বলেন, 'চিন্তা করব স্ট্র্যাটেজির জায়গা থেকে, আমার দেশের ওপরে যে ধরনের আক্রমণ আসছে। মোড়লরা যে ধরনের অপতথ্য ছড়ায়, প্রথমে তারা কিছু এনজিওকে টাকা-পয়সা দেবে। তাদেরকে দিয়ে তথাকথিত কিছু রিসার্চ করাবে, সেখান থেকে সংবাদ সম্মেলন করে কিছু তথ্য আনবে। তাদের ইনভেস্টমেন্টে গণমাধ্যমের মধ্যে কিছু আউটলেট তৈরি করবে। সেখান থেকে আবার রেফারেন্স ক্রিয়েট করবে। এভাবে করতে করতে একটি নেগেটিভ ইমেজ তৈরি করে ফেলবে। সেটা করে আবার সিদ্ধান্ত নিয়ে স্যাংশন চাপাবে। এ ধরনের একটি চক্রের মধ্যে আমরা আছি। আমি যেটা বলছি এটা গল্প না। এগুলোর তথ্য-প্রমাণ আমাদের হাতে আছে।' (জাগো এফএম : ১৭০০ ঘ. ২৯.০১.২০২৪ প্রতীক)

## ভোট দেখতে ৮ দিনের সফরে রাশিয়া যাচ্ছেন সিইসি

ভোট দেখতে ৮ দিনের সফরে রাশিয়া যাচ্ছেন প্রধান নির্বাচন কমিশনার, সিইসি কাজী হাবিবুল আউয়াল। তার সফরসঙ্গী তার একান্ত সচিব মোঃ রিয়াজ উদ্দিন। আগামী ১২ মার্চের দিকে সুবিধাজনক সময়ে রাশিয়ার উদ্দেশ্যে তারা যাত্রা শুরু করবেন। দেশে ফিরবেন ১৯ মার্চ। রোববার, ২৮ জানুয়ারি ইসির উপসচিব মোঃ শাহ আলম এ সংক্রান্ত একটি চিঠি প্রধান হিসাব ও অর্থ কর্মকর্তার কাছে পাঠিয়েছেন। চিঠিতে জানানো হয়, 'প্রধান নির্বাচন কমিশনার কাজী হাবিবুল আউয়াল ও তার একান্ত সচিব মোঃ রিয়াজ উদ্দিন রাশিয়ার প্রেসিডেন্ট নির্বাচন পর্যবেক্ষণ করতে এবং নির্বাচনী সার্বভৌমত্ব অনুষ্ঠানে যোগ দিতে রাশিয়ান ফেডারেশন সফর করবেন। আগামী ১৪ থেকে ১৮ মার্চ সিইসিসহ তার একান্ত সচিব কিছু শর্তসাপেক্ষে রাশিয়া সফর করবেন।' এতে আরো জানানো হয়, 'আগামী ১২ মার্চের দিকে সুবিধাজনক দিনে রাশিয়ার উদ্দেশ্যে তারা যাত্রা শুরু করবেন এবং ১৯ মার্চ ঢাকায় ফিরবেন। এই সফরের সময়কাল, ভ্রমণ এবং ট্রানজিটের জন্য ব্যয় করা সময়কে দায়িত্ব হিসেবে গণ্য করা হবে। তারা তাদের বেতন-ভাতা স্থানীয় মুদ্রায় নেবেন এবং এর কোনো অংশ বৈদেশিক মুদ্রায় নেওয়া যাবে না।' (জাগো এফএম : ১৭০০ ঘ. ২৯.০১.২০২৪ প্রতীক)

## ড. ইউনূসের বিরুদ্ধে চার্জশিট অনুমোদন দিলো দুদক

গ্রামীণ টেলিকমের শ্রমিক কর্মচারীদের সংরক্ষিত ফান্ডের লভ্যাংশের ২৫ কোটি টাকা আত্মসাৎ ও পাচারের অভিযোগে ড. মুহাম্মদ ইউনূসসহ ১৪ জনের বিরুদ্ধে চার্জশিট অনুমোদন দিয়েছে দুর্নীতি দমন কমিশন, দুদক। আজ সোমবার বিকেলে রাজধানীর সেগুনবাগিচায় দুদক কার্যালয়ে বিষয়টি জানান সংস্থাটির সচিব মাহবুব হোসেন। এর আগে দুপুরে দুদকের প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত কমিশন বৈঠক থেকে চার্জশিট অনুমোদন দেওয়া হয়। দুদকের উপ-পরিচালক গুলশান আনোয়ার শিগগিরই আদালতে চার্জশিট দাখিল করবেন বলে জানা গেছে। গত বছরের ৩০মে গ্রামীণ টেলিকমের শ্রমিক-কর্মচারীদের কল্যাণ তহবিলের ২৫ কোটি ২২ লাখ ৬ হাজার ৭৮০ টাকা আত্মসাতের অভিযোগে নোবেলজয়ী ড. মুহাম্মদ ইউনূসসহ ১৩ জনের বিরুদ্ধে মামলা দায়ের করে দুদক। সংস্থার উপ-পরিচালক গুলশান আনোয়ার প্রধান বাদী হয়ে মামলাটি দায়ের করেন। দুদকের মামলায় আসামি ছিলেন ১৩ জন। চার্জশিটে নতুন একজন আসামি বেড়েছে। আসামিরা হলেন, গ্রামীণ টেলিকমের চেয়ারম্যান ড. মুহাম্মদ ইউনূস, ব্যবস্থাপনা পরিচালক মোঃ নাজমুল ইসলাম, সাবেক ব্যবস্থাপনা পরিচালক মোঃ আশরাফুল হাসান, পরিচালক পারভীন মাহমুদ, নাজনীন সুলতানা, মোঃ শাহজাহান, নূরজাহান বেগম ও পরিচালক এস. এম হাজ্জাতুল ইসলাম লতিফী। এছাড়া, অ্যাডভোকেট

মোঃ ইউসুফ আলী, অ্যাডভোকেট জাফরুল হাসান শরীফ, গ্রামীণ টেলিকম শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সভাপতি মোঃ কামরুজ্জামান, সাধারণ সম্পাদক ফিরোজ মাহমুদ হাসান ও প্রতিনিধি মোঃ মাইনুল ইসলাম, দফতর সম্পাদক কামরুল ইসলামকে আসামি করা হয়েছে। (জাগো এফএম : ১৭০০ ঘ. ২৯.০১.২০২৪ প্রতীক)

## ঢাকায় মাদকসহ গ্রেফতার ৩৫

রাজধানীর বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে মাদক বিক্রি ও সেবনের অভিযোগে ৩৫ জনকে গ্রেফতার করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশের বিভিন্ন অপরাধ ও গোয়েন্দা বিভাগ। ডিএমপির নিয়মিত মাদক বিরোধী অভিযান চলমান রয়েছে। এরই অংশ হিসেবে রোববার সকাল ৬টা থেকে আজ সোমবার সকাল ৬টা পর্যন্ত অভিযান চালিয়ে মাদকদ্রব্যসহ তাদের গ্রেফতার করা হয়। এসময় তাদের কাছ থেকে ২১ হাজার ৩৯২ পিস ইয়াবা, ১০২ দশমিক ৫ গ্রাম হেরোইন ও ১ কেজি ৪৫০ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়। গ্রেফতার ৩৫ জনের বিরুদ্ধে সংশ্লিষ্ট থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে ২৪টি মামলা করা হয়েছে। (জাগো এফএম : ১৭০০ ঘ. ২৯.০১.২০২৪ প্রতীক)

## বিএনপি কালো পতাকার নামে আবারও সন্ত্রাসের জানান দিচ্ছে : সেতুমন্ত্রী

বিএনপি কালো পতাকার নামে আবারো সন্ত্রাস ও সহিংসতার জানান দিচ্ছে বলে জানিয়েছেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বলেন, 'নির্বাচনে না এসে বিএনপি যে ভুল করেছে তার জন্য বিএনপিকেই পস্তাতে হবে। সাংবিধানিকভাবে নির্বাচিত সরকারকে উৎখাত করার শক্তি কারো নেই।' আজ সোমবার দুপুরে রাজধানীর ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতির কার্যালয়ে প্রেস ব্রিফিংয়ে তিনি এ কথা জানান। ওবায়দুল কাদের বলেন, 'সংবিধান এবং জাতীয় সংসদের কার্যপ্রণালী মেনে মঙ্গলবার যাত্রা শুরু করতে যাচ্ছে দ্বাদশ জাতীয় সংসদ। কারো অগণতান্ত্রিক আহ্বানে সাড়া না দিয়ে জনগণ বিপুল ভোটে আওয়ামী লীগকে বিজয়ী করেছে। দেশে নতুন করে গণতন্ত্রের বিজয় নিশান উড়িয়েছে।' এজন্য আওয়ামী লীগের পক্ষ থেকে তাদের কৃতজ্ঞতা জানান তিনি। সেতুমন্ত্রী বলেন, 'গণতন্ত্রে বিশ্বাসী আওয়ামী লীগ রাজনৈতিক বিষয়কে রাজপথেই মোকাবিলা করবে, এক বিন্দু ছাড় দেবে না। বিএনপির হুমকি ধামকিতে কারো কোনো ভ্রুক্ষেপ নেই। দেশের মহান মুক্তিযুদ্ধ নিয়েও বিকৃত তথ্য উপস্থাপনের সমালোচনা করেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক। তিনি বলেন, 'মুক্তিযুদ্ধের সত্যিকারের ইতিহাস ডিঙিয়ে বিএনপি যে বিকৃত তথ্য বঙ্গবন্ধুর হত্যার পর অপপ্রচার করে জাতিকে বিভ্রান্ত করতে চেয়েছিল তাদের সে অপচেষ্টা সফল হয়নি।' (জাগো এফএম : ১৯০০ ঘ. ২৯.০১.২০২৪ প্রতীক)

## নতুন পাঠ্যপুস্তকে বিভ্রান্তিকর কিছু থাকলে তা সংশোধন করা হবে : শিক্ষামন্ত্রী

নতুন শিক্ষাক্রমের বিরোধিতার নামে মাদরাসা শিক্ষকসহ সব পক্ষকে অপরাজনীতি না করার আহ্বান জানিয়েছেন শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী নওফেল। তিনি বলেন, `নতুন পাঠ্যপুস্তকে বিভ্রান্তিকর কিছু থাকলে তা সংশোধন করা হবে। কিন্তু শিক্ষাক্রমের বিরোধিতার নামে কেউ অপরাজনীতি করবেন না।, আজ সোমবার রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে স্বাধীনতা মাদরাসা শিক্ষক পরিষদের সঙ্গে মত বিনিময় সভায় মন্ত্রী এসব কথা বলেন। মহিবুল হাসান চৌধুরী বলেন, 'শিক্ষাক্রম প্রণয়ন ও বই লেখার কাজে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডে মাদরাসা শিক্ষকদের অংশগ্রহণ নিশ্চিত করা হবে। এতে তারা মাদরাসার জন্য প্রণীত পাঠ্যবইয়ে তাদের মতামত দিয়ে অবদান রাখতে পারবেন।, তিনি বলেন, `উপমহাদেশে হাজার বছর ধরে বহমান ইসলামী ভাবধারা দেশের আলিয়া মাদরাসায় চর্চা করা হয়। ইসলাম শিক্ষার বৈশিষ্ট্য অক্ষুণ্ণ রেখে মাদরাসায় নতুন শিক্ষাক্রম চালু করা হয়েছে। নতুন এ শিক্ষাক্রম দক্ষতামূলক শিক্ষা নিশ্চিত করবে, যা মাদরাসা শিক্ষার্থীদের কর্মসংস্থান সৃষ্টিতে সহায়ক হবে। এর সঙ্গে ধর্মের কোনো বিরোধ নেই।, (জাগো এফএম : ১৯০০ ঘ. ২৯.০১.২০২৪ প্রতীক)

## স্মার্ট নাগরিক তৈরিতে প্রাথমিক শিক্ষার ভূমিকা বিশাল : প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী

প্রধানমন্ত্রী প্রতিশ্রুত স্মার্ট নাগরিক তৈরির ক্ষেত্রে প্রাথমিক শিক্ষা অধিদফতরকে বলিষ্ঠ ভূমিকা পালন করতে হবে বলে মন্তব্য করেছেন প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী রুমানা আলী। আজ সোমবার বিকেলে মিরপুরে প্রাথমিক শিক্ষা অধিদফতরের কর্মকর্তাদের সঙ্গে মত বিনিময়কালে এ কথা বলেন তিনি। প্রতিমন্ত্রী হিসেবে দায়িত্ব নিয়ে প্রথমবারের মতো তিনি প্রাথমিক শিক্ষা অধিদফতরে আসেন। তিনি বলেন, 'দেশের সরকারি কর্মচারীদের প্রায় এক-চতুর্থাংশ প্রাথমিক শিক্ষা পরিবারের। তাদের অন্তহীন প্রয়াস বাংলাদেশে প্রাথমিক শিক্ষার উত্তরণে বিশাল, বিরাট ও ব্যাপক অবদান রেখেছে। যার ফলশ্রুতিতে প্রাথমিক শিক্ষায় বাংলাদেশের অর্জন বিশ্বব্যাপী প্রশংসিত হয়েছে।' প্রতিমন্ত্রী দেশপ্রেম, সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সঙ্গে কাজ করতে কর্মকর্তাদের আহ্বান জানান। অধিদফতরের মহাপরিচালক শাহ রেজওয়ান হায়াতের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন, মন্ত্রণালয়ের সচিব ফরিদ আহাম্মদ। আরো বক্তব্য রাখেন অতিরিক্ত মহাপরিচালক ড. উত্তম কুমার দাস, মাহবুবুর রহমান প্রমুখ। সভার আগে প্রতিমন্ত্রী দৃষ্টিনন্দন প্রকল্পের আওতায় ঢাকা মহানগরীর ৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নির্মাণকাজ উদ্বোধন করেন।

(জাগো এফএম : ১৯০০ ঘ. ২৯.০১.২০২৪ প্রতীক)

## শেখ হাসিনাকে প্রধানমন্ত্রী বানিয়ে জনগণ বিএনপিকে লালকার্ড দিয়েছে : বাহাউদ্দিন নাছিম

আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও ঢাকা-৮ আসনের সংসদ সদস্য আ ফ ম বাহাউদ্দিন নাছিম বলেছেন, 'বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনাকে প্রধানমন্ত্রী বানিয়ে জনগণ বিএনপিকে লালকার্ড দিয়েছে। এদের রাজনীতি এদেশের মানুষের পছন্দ না। দেশের মানুষের মর্যাদাকে ধ্বংস করাই হলো এদের রাজনীতি। এদের হাত থেকে দেশের মানুষকে মুক্তি দিতে হবে। আমাদের রাজনৈতিক সংগ্রাম করতে হবে। এদেরকে সামাজিক ও রাজনৈতিকভাবে বয়কট করতে হবে।' আজ সোমবার সন্ধ্যায় ২৩ বঙ্গবন্ধু অ্যাভিনিউতে ঢাকা-৮ আসনের ৮ নং ওয়ার্ডের নির্বাচনোত্তর মূল্যায়ন সভায় তিনি এ কথা বলেন। তিনি বলেন, 'আগামী দিনে শান্তিপূর্ণভাবে রাজনৈতিক কর্মকাণ্ডের মাধ্যমে দেশকে উন্নয়ন ও অগ্রগতির দিকে এগিয়ে নিতে চাই। একটি গোষ্ঠী ৭ জানুয়ারি নির্বাচনকে বানচাল করার জন্য অনেক চেষ্টা করেছে। বিদেশিদের তাঁবেদারি করে নির্বাচন বানচালের সব পথে তারা হেঁটেছে। সাধারণ মানুষ ও আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যকে হত্যা করে আনন্দ উল্লাস করেছে। এখন তারা ঘরে বসে ষড়যন্ত্র করছে। তাদের এসব বেআইনি কর্মকাণ্ড হলো অপরাজনীতি।' (জাগো এফএম : ১৯০০ ঘ. ২৯.০১.২০২৪ প্রতীক)

## আমাদের লক্ষ্য জনগণের ভোটাধিকার ও হারানো গণতন্ত্র ফিরিয়ে আনা : মঈন খান

ক্ষমতাসীন আওয়ামী লীগ জনগণ দ্বারা প্রত্যাখ্যাত এমন মন্তব্য করে বিএনপির স্থায়ী কমিটির সদস্য আব্দুল মঈন খান বলেছেন, 'দেশের জনগণ অতীতেও করেনি, এবারো ভোটাধিকার ও গণতন্ত্র প্রশ্নে আপস করবে না।' তিনি বলেন, 'আমরা শান্তিপূর্ণ আন্দোলনে বিশ্বাসী। সে জন্যই ৭ জানুয়ারি দেশের জনগণ ডামি নির্বাচনের ভোট বর্জন করেছে। আওয়ামী লীগ বাংলাদেশের রাজনীতিতে ব্যর্থ এবং জনগণের কাছে প্রত্যাখ্যাত।' আজ সোমবার দুপুরে রাজধানীর সেগুনবাগিচায় ঢাকা রিপোর্টার্স ইউনিটির মিলনায়তনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। বিএনপির প্রতিষ্ঠাতা প্রয়াত প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ৮৮তম জন্মবার্ষিকী উপলক্ষে এ সভার আয়োজন করে জিয়াউর রহমান ফাউন্ডেশন। আওয়ামী লীগ দেশে আবারো বাকশাল কায়েম করেছে দাবি করে মঈন খান বলেন, 'আমাদের আন্দোলন বিএনপিকে ক্ষমতায় বসানোর জন্য নয়। আমাদের আন্দোলন একদলীয় বাকশালী সরকারের বিদায় করে হারানো গণতন্ত্র পুনরুদ্ধার করার আন্দোলন। ক্ষমতা বা অর্থের মোহে নয়, আমাদের লক্ষ্য জনগণের ভোটাধিকার ও হারানো গণতন্ত্র ফিরিয়ে আনা।' (জাগো এফএম : ১৯০০ ঘ. ২৯.০১.২০২৪ প্রতীক)

## সংসদে দলীয়ভাবে আমরাই একমাত্র বিরোধী দল : মুজিবুল হক চুন্নু

জাতীয় পার্টির মহাসচিব মুজিবুল হক চুন্নু বলেছেন, 'সংসদে দলীয়ভাবে আমরাই একমাত্র বিরোধী দল। স্পিকার যে সিদ্ধান্ত দিয়েছেন বিরোধী দলের নেতা হিসেবে জাপা চেয়ারম্যানকে যে স্বীকৃতি দিয়েছেন, তা যথার্থ হয়েছে।' তিনি বলেছেন, সংসদে আমরা যে বিরোধী দল সেটা স্পিকারের দৃষ্টিতে এসেছে। সংসদের কার্যক্রমে এটা উল্লেখ থাকবে। সংখ্যাটা বড় নয়, সংসদে কারা বিরোধী সেটা মেইন জিনিস।' আজ সোমবার সকালে বনানীতে জাপা চেয়ারম্যানের কার্যালয়ে সাংবাদিকদের এসব কথা বলেন চুন্নু। স্পিকারের এই সিদ্ধান্ত নজির হিসেবে কাজ করবে জানিয়ে চুন্নু বলেন, 'আমরা স্পিকারকে ধন্যবাদ জানেই এ সিদ্ধান্তের জন্য। জি এম কাদের ও আনিসুল ইসলামের নেতৃত্বে জাতীয় পার্টি সংসদে বিরোধী দলের ভূমিকা রাখতে পারবে। মানুষের আশা যে জাপা আসলেই বিরোধী দল সেটা প্রমাণ করার সুযোগ এসেছে এবার। মানুষের মধ্যে সমালোচনা ছিল গৃহপালিত বা এধরনের শব্দ। এ শব্দগুলো যাতে আর ব্যবহার না হয় সে লক্ষ্যে সংসদ ও সংসদের বাইরে আমরা আগামীতে ভূমিকা রাখবো। মানুষের কাছে গ্রহণযোগ্যতা পেতে কাজ করবো।' (জাগো এফএম : ১৯০০ ঘ. ২৯.০১.২০২৪ প্রতীক)

## দেশে আরো ৫৩ জনের করোনা শনাক্ত

দেশে ক্রমেই বাড়ছে করোনা ভাইরাসে আক্রান্তের সংখ্যা। গত ২৪ ঘণ্টায় নতুন করে ৫৩ জনের শরীরে করোনা শনাক্ত হয়েছে। তবে এ সময়ে কারো মৃত্যুর তথ্য জানা যায়নি। মহামারির শুরু থেকে এ পর্যন্ত দেশে করোনা আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ২০ লাখ ৪৭ হাজার ৫১ জনে। করোনায় মৃত্যু হয়েছে ২৯ হাজার ৪৮১ জনের। আজ সোমবার স্বাস্থ্য অধিদফতরের করোনা বিষয়ক নিয়মিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, সারাদেশে গত ২৪ ঘণ্টায় ৮৮৫টি পরীক্ষাগারে ৯১৩টি নমুনা পরীক্ষায় ৫৩ জনের করোনা শনাক্ত হয়। তাদের মধ্যে ৫১ জন ঢাকার এবং দুইজন চট্টগ্রামের। পরীক্ষার বিপরীতে শনাক্তের হার ৫ দশমিক ৮১ শতাংশ। মহামারির শুরু থেকে এ পর্যন্ত মোট শনাক্তের হার ১৩ দশমিক শূন্য ৯ শতাংশ। গত ২৪ ঘণ্টায় করোনা আক্রান্তদের মধ্যে থেকে সেরে উঠেছেন ৩২ জন। এ নিয়ে মোট সুস্থ রোগীর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ২০ লাখ ১৪ হাজার ৩৯২ জনে। সুস্থতার হার ৯৮ দশমিক ৪০ শতাংশ। (জাগো এফএম : ১৯০০ ঘ. ২৯.০১.২০২৪ প্রতীক)

# BBC

## CHINA TIGHTENS STOCK MARKET RULES AFTER SELL-OFF

China has tightened its financial industry rules as the government tries to halt a deepening sell-off in the world's second largest economy. Nearly $6tn has been wiped off Chinese and

Hong Kong stocks since their most recent peak three years ago. The China Securities Regulatory Commission (CSRC) says the measures will create "a fairer market order". Under the new rules limits will be put on so-called "short-selling" from Monday.
(BBC Web Page: 29/01/24, FARUK)

**JAPAN MOON LANDER WAKES UP AND RESUMES MISSION**

Japan's Moon lander has resumed operations after being shut for a week due to a power supply issue. The Japan Aerospace Exploration Agency said it re-established contact with the lander Sunday night, indicating that the glitch had been fixed. Its solar cells are working again after a shift in lightning conditions allowed it to catch sunlight, the agency said. It could not generate power when it landed on 20 January as the solar cells pointed away from the Sun. (BBC Web Page: 29/01/24, FARUK)

**GAZA'S LARGEST AID AGENCY DESPERATE AFTER FUNDS PAUSED**

More countries have halted funding to the largest UN agency operating in Gaza, as the crisis deepens over the alleged role of some staff in the 7 October Hamas attacks on Israel. Japan and Austria said they were suspending payments to the UN agency for Palestinian refugees, UNRWA. The US, UK, Germany and Italy are also among those who have suspended funding. UNRWA has told the BBC it is extremely desperate and that "the humanitarian needs in Gaza are growing by the hour". UN Secretary-General Antonio Guterres has said he is horrified by the accusations, but has appealed to donor countries to "guarantee the continuity of UNRWA's operations". (BBC Web Page: 29/01/24, FARUK)

**IRAN DENIES INVOLVEMENT IN DRONE STRIKE THAT KILLED THREE US TROOPS**

Iran has denied involvement in a drone attack on a US base near Jordan's border with Syria that killed three US troops. The US blamed the attack, which also left dozens injured, on radical Iranian-backed militant groups. US President Joe Biden vowed revenge and said: "We shall respond." It is the first time that a strike has killed US troops in the region since the start of the war in Gaza triggered by Hamas's 7 October attack on Israel. There have been other attacks on US bases in the region, but before Sunday there were no fatalities, according to the US military. (BBC Web Page: 29/01/24, FARUK)

**MORE THAN 50 KILLED ALONG SUDAN-SOUTH SUDAN BORDER**

More than 50 people - including two UN peacekeepers - have been killed in heavy fighting along the border between South Sudan and Sudan, officials say. Armed men from South Sudan's Warrap State carried out raids in the neighbouring Abeyei region on Saturday, Abyei information minister Bulis Koch was quoted by Reuters news agency as saying. The motive for the attack is unclear, but the Associated Press news agency reported that the fighting was linked to a land conflict between members of the Twic Dinka and Ngok Dinka ethnic groups. (BBC Web Page: 29/01/24, FARUK)

**THE SUFI SHRINE CAUGHT UP IN A RELIGIOUS ROW IN INDIA**

A Sufi shrine frequented by Indians of all faiths made headlines recently after a top political leader said that he wanted to "liberate" it for just Hindus. The BBC's Cherylann Mollan visited to understand what the controversy was about. The ascent is no easy feat, with some 1,500 rock-cut steps separating the devout from their destination: a Sufi saint's tomb that has become a seat of faith, legend and disputed history. The Haji Malang dargah, sitting on a hill on the outskirts of Mumbai in the western state of Maharashtra, is said to house the tomb of an Arab missionary who came to India more than 700 years ago. Like many other Sufi shrines across India, the dargah is seen as a symbol of assimilation and tolerance, despite being at the centre of a religious dispute. (BBC Web Page: 29/01/24, FARUK)

**SUDAN'S RSF SAYS IT DOWNED IRANIAN-MADE DRONE**

Sudan's paramilitary Rapid Support Forces (RSF) group says it has shot down an Iranian-made drone allegedly belonging to the Sudanese army as fighting rages between the two forces in the capital Khartoum and other areas. The group said on X (formerly Twitter) on Monday that it secured a notable triumph this morning, successfully intercepting and downing an unmanned aerial vehicle operated by the Sudanese Armed Forces (SAF) and its extremist backers from the former regime. The aircraft, identified as an Iranian Mohajer-6, represents the third such drone recently neutralized thanks to the valorous efforts of our courageous soldiers. (BBC Web Page: 29/01/24, FARUK)

**IRANIAN FM IN PAKISTAN TO MEND TIES FOLLOWING MUTUAL AIR STRIKES**

Iran's foreign minister arrived in Pakistan as the two countries seek to calm tensions, which have risen amid the conflict in Gaza. Hossein Amir- Abdollahian landed in Islamabad before dawn on Monday for in-depth talks with Pakistani counterpart, Jalil Abbas Jilani, Pakistan's

Ministry of Foreign Affairs said. Tehran and Islamabad are seeking to calm relations after carrying out tit-for-tat air strikes on each other's territories earlier this month. The two ministers insisted following their meeting that close relations between Pakistan and Iran are an important source of stability for the region and resolved to expand political and security cooperation. (BBC Web Page: 29/01/24, FARUK)

**::THE END::**